রমজানে মসজিদে ইফতার আয়োজন নিষিদ্ধ করল সৌদি

সারে-জমিন

ছেলের সাক্ষীতে বাবার যাবজ্জীবন কারাদণ্ড

রূপসী বাংলা

যুদ্ধবিরতি নিয়ে ছলচাতুরী করছেন জো বাইডেন

সম্পাদকীয়

হরিহরপাড়ায় মিছিলে পা মেলালেন সেলিম

সাধারণ

আপনজন

APONZONE
Bengali Daily

ইনসাফের পক্ষে নির্ভীক কণ্ঠস্বর

শুক্রবার
৮ মার্চ, ২০২৪
২৪ ফাল্গুন ১৪৩০
২৬ শাবান, ১৪৪৫ হিজরি
সম্পাদক
জাইদুল হক

কুলদীপ-অশ্বিনের পর রোহিত-জয়সওয়ালে পিষ্ট ইংল্যান্ড

খেলতে খেলতে

Vol.: 19 ■ Issue: 66 ■ Daily APONZONE ■ 8 March 2024 ■ Friday ■ Kolkata ■ RNI: WBBEN/2004/14450 ■ Price: Rs. 5.00 ■ Pages: 6 ■ www.aponzonepatrika.com/epaper.php

অভিজিৎ যেখানেই দাঁড়াক নিশ্চিত হারাব: মমতা

মেয়েদের জন্য বাংলা সবচেয়ে নিরাপদ, দাবি মুখ্যমন্ত্রীর

এম মেহেদী সানি ● কলকাতা

আপনজন: বৃহস্পতিবার নারী দিবসকে সামনে রেখে তৃণমূল সভানেত্রী ও রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় কলকাতায় পদযাত্রা করেন, এ দিন কর্মসূচি শেষে তিনিও দলীয় নেতা-কর্মীদের কেন্দ্রীয় বিজেপি সরকারের বিরুদ্ধে ভয়ঙ্কর গর্জনের আহ্বান জানিয়েছেন । মমতা বলেন, 'দেখা হবে ব্রিগেডের গর্জনে । আমি দেখব সেদিন গর্জন কার কত বেশি হয় । ভয়ঙ্কর গর্জন যেন হয়, যাতে দিল্লির বুকটা একটু কেঁপে যায়! আর বাংলার নামে বদনাম করাটা একটু চেপে যায়।'

সন্দেশখালি নিয়ে বিজেপি মহিলারা তৃণমূল নেতাদের বিরুদ্ধে যৌন নির্যাতনের অভিযোগ নিয়ে মিথ্যা প্রচার করছে বলে অভিযোগ করে মমতা বলেন, বাংলা মহিলাদের জন্য দেশের সবচেয়ে নিরাপদ জায়গা।

বুধবার বারাসতের দলীয় কর্মসূচিতে বক্তব্য রাখার সময়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ক্ষমতাসীন তৃণমূল সরকারের বিরুদ্ধে অভিযোগ করে বলেছিলেন, তারা কখনোই মা-বোনেদের সুরক্ষা দিতে পারবে না । মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় বৃহস্পতিবার পাল্টা জবাবে ডোরিনা ক্রসিংয়ের মঞ্চ থেকে বিজেপি তথা মোদীকে কড়া ভাষায় কটাক্ষ করেছেন । ইঙ্গিতে, নাম না করে মোদীকে 'পিন্টুবাবু' বলে সম্বোধন করেছেন। বলেছেন, 'কি পিন্টুবাবু?

বাংলার মেয়েরা নাকি নির্যাতিত? আপনি মণিপুর দেখতে পান না? হাথরাস, উন্নাও দেখতে পান না? পিন্টুবাবু, ইতনা গুস্‌সা কিঁউ আতা হ্যায়?' সেই সঙ্গে মমতা দাবি করেন, পশ্চিমবঙ্গ মহিলাদের জন্য দেশের সবচেয়ে নিরাপদ রাজ্য। কলকাতা হাইকোর্টের প্রাক্তন বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায়ের দিকে ইঙ্গিত করে মমতা বলেন, লোকসভা ভোটে আপনারা যেখানেই প্রতিদ্বন্দ্বিতা করুন না কেন, আমরা আপনাদের পরাজয় নিশ্চিত করব। কলকাতায় মহিলা অধিকারের দাবিতে মিছিল করার পর মানুষের উদ্দেশে তিনি বলেন, কিছু লোক সন্দেশখালি নিয়ে ভুয়ো তথ্য ছড়াচ্ছে। বিজেপি নেতারা পশ্চিমবঙ্গে মহিলাদের নিরাপত্তা নিয়ে মিথ্যা প্রচার করছেন, কিন্তু বিজেপি শাসিত রাজ্যগুলিতে যখন মহিলাদের উপর অত্যাচার করা হয় তখন তাঁরা নীরবতা পালন করেন। তিনি বলেন, 'পশ্চিমবঙ্গ মহিলাদের জন্য দেশের সবচেয়ে নিরাপদ রাজ্য।

গঙ্গোপাধ্যায়ের রায়ের মাধ্যমে রাজ্যজুড়ে হাজার হাজার যুবকের চাকরি কেড়ে নেওয়ার জন্য তীব্র সমালোচনা করে মমতা বন্দ্যোপাধ্যায় বলেন, যুবকরা আপনাদের ক্ষমা করবে না। আপনাদের সব রায় প্রশ্নবিদ্ধ। আমরা আপনাদের পরাজয় নিশ্চিত করব। আন্তর্জাতিক নারী দিবসের একদিন আগে তৃণমূলের তরফে 'মহিলা দের অধিকার, আমাদের অঙ্গীকার' শীর্ষক এই মিছিলে সাদা ও নীল বর্ডার দেওয়া সুতির শাড়ি পরে গলায় শাল জড়ানো মমতা বন্দ্যোপাধ্যায়কে রাস্তার দু'ধারে লোকজন ও দর্শকদের হাত জোড় করে অভিবাদন জানাতে দেখা গেছে। মধ্য কলকাতার কলেজ স্ট্রিট থেকে প্রায় দু'কিলোমিটার দূরে ডোরিনা ক্রসিং পর্যন্ত মিছিল করার সময় তৃণমূল কংগ্রেস সুপ্রিমোকে জনতার উদ্দেশে হাত নাড়তে দেখা যায়। মিছিলে ছিলেন তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়ও।

প্রথম নজর

বিজেপি বিধায়ক এবার যোগ দিলেন তৃণমূলে

আপনজন ডেস্ক: তাপস রায় তৃণমূল ছেড়ে বিজেপিতে যোগ দেওয়ায় উচ্ছ্বসিত হয়েছিল বিজেপি। বৃহস্পতিবার আনুষ্ঠানিকভাবে অভিজিৎ গঙ্গোপাধ্যায়ও বিজেপিতে যোগ দেওয়া আনন্দে ভরপুর ছিল। কিন্তু বৃস্পতিবারই বিজেপির আনন্দ মাটি করে দিল তৃণমূল। এবার রানাঘাট দক্ষিণের মতুয়া বিধায়ক মুকুটমণি অধিকারী যোগদান করলেন তৃণমূলে। তৃণমূলের মিছিলে হাঁটার পর মিছিল শেষে সভামঞ্চে আনুষ্ঠানিকভাবে তৃণমূলে যোগ দেন মুকুটমণি। অভিষেক বন্দ্যোপাধ্যায়ের হাত ধরে তৃণমূলে যোগ দেন মুকুট মণি। এমনকি এদিন তৃণমূলের মিছিলেও হাঁটেন তিনি।

তিনি বলেন, আমি মনে করি তৃণমূলই একমাত্র প্ল্যাটফর্ম যেখানে আপনি জনগণের জন্য কাজ করতে পারেন। তাই তৃণমূলে যোগ দেওয়ার সিদ্ধান্ত নিয়েছি। ২০২১ সালের বিধানসভা নির্বাচনের পর থেকে বিজেপির সাত বিধায়ক তৃণমূলে যোগ দিলেও এখনও বিধায়ক পদ থেকে ইস্তফা দেননি।

শিক্ষানবিশ আইন এনে যুবদের চাকরি দেবে কংগ্রেস

আপনজন ডেস্ক: বৃহস্পতিবার কংগ্রেস যুবকদের পাঁচটি গ্যারান্টি দিয়েছে, কেবল বেকারত্ব নয়, সামাজিক সুরক্ষার অভাব দূর করার প্রতিশ্রুতি দিয়েছে। কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়গে এবং রাহুল গান্ধী রাজস্থানের মধ্য দিয়ে ভারত জোড়ো ন্যায় যাত্রা চলাকালীন বাঁশওয়ারায় একটি সমাবেশে "যুব ন্যায়" বা "যুবদের জন্য ন্যায়" ঘোষণা করেছিলেন।কৃষকদের ফসলের ন্যূনতম সহায়ক মূল্যের আইনি গ্যারান্টিযুক্ত এবং সামাজিক ন্যায়বিচারের পদক্ষেপ হিসাবে দেশব্যাপী জাতিগত জনগণনার প্রতিশ্রুতির পাশাপাশি যুব ন্যায় দলের ইস্তাহারের একটি মূল বৈশিষ্ট্য হতে পারে বলে আশা করা হচ্ছে।

একটি নতুন শিক্ষানবিশ অধিকার আইন যার অধীনে ২৫বছরের কম বয়সী প্রতিটি ডিপ্লোমাধারী বা স্নাতক একটি বেসরকারী বা সরকারী খাতের সংস্থায় এক বছরের শিক্ষানবিশের নিশ্চয়তা দেওয়া হয়। শিক্ষানবিশদের মাসে ৮,৫০০ টাকা বেতন দেওয়া হবে। ৪০ বছরের কম বয়সীদের যে কোনও সেক্টরে ব্যবসা শুরু করতে সহায়তা করার জন্য পাঁচ বছরের জন্য ৫,০০০ কোটি টাকা বরাদ্দ করা হবে।

গত দুবছরে ৭.৪ লক্ষ মানুষকে উচ্ছেদ, ভেঙে দেওয়া হয়েছে দেড় লক্ষ বাড়ি, রিপোর্ট

আপনজন ডেস্ক: একটি নতুন রিপোর্টে বলা হয়েছে, ২০২২ এবং ২০২৩ সালে রাষ্ট্রীয় কর্তৃপক্ষ স্থানীয়, রাজ্য এবং কেন্দ্রীয় স্তরে - গ্রামীণ ও শহুরে ভারতে প্রায় ৭.৪ লক্ষ মানুষকে তাদের বাড়ি থেকে জোর করে উচ্ছেদ করেছে। অ্যাডভোকেসি গ্রুপ হাউজিং অ্যান্ড ল্যান্ড রাইটস নেটওয়ার্ক (এইচএলআরএন) দ্বারা প্রকাশিত রিপোর্ট অনুসারে, একই সময়কালে, রাষ্ট্রীয় কর্তৃপক্ষ সারা দেশে ১.৫৩ লক্ষেরও বেশি বাড়ি ধ্বংস করেছে। যেহেতু পরিসংখ্যানগুলি কেবলমাত্র ২৩ টি রাজ্য এবং চারটি কেন্দ্রশাসিত অঞ্চলে প্রাথমিক ও মাধ্যমিক তথ্য সংগ্রহের মাধ্যমে এইচএলআরএন দ্বারা নথিভুক্ত কেসগুলি প্রতিফলিত করে, তাই এটি অনুমান করে যে এই সময়ের মধ্যে ভারত জুড়ে উচ্ছেদ বা বাস্তুচ্যুত ব্যক্তিদের প্রকৃত সংখ্যা আরও অনেক বেশি হওয়ার সম্ভাবনা রয়েছে। এইচএলআরএন আরও উল্লেখ করেছে যে "জোরপূর্বক উচ্ছেদের প্রায় সমস্ত নথিভুক্ত ক্ষেত্রে, রাষ্ট্রীয় কর্তৃপক্ষ জাতীয় এবং আন্তর্জাতিক মানবাধিকার মান দ্বারা প্রতিষ্ঠিত যথাযথ প্রক্রিয়া অনুসরণ করেনি" এবং প্রকৃতপক্ষে একাধিক এবং গুরুতর মানবাধিকার লঙ্ঘনের ফলস্বরূপ। প্রতিবেদনে বলা হয়, 'অনেক ক্ষেত্রেই ধ্বংসযজ্ঞ চালানো হয়েছে এমন তীব্রতা ও নৃশংসতার সঙ্গে, যা আগের বছরগুলোকে ছাড়িয়ে গেছে। 'ফোর্সড এভিকশনস ইন ইন্ডিয়া ২০২২ অ্যান্ড ২০২৩' রিপোর্টে আরও বলা হয়েছে জাতিসংঘের কমিটির সাধারণ মন্তব্য ৭ (১৯৯৭) দ্বারা প্রদত্ত 'জোরপূর্বক উচ্ছেদের' সংজ্ঞা ব্যবহার করে। জোরপূর্বক উচ্ছেদ হ'ল ব্যক্তি, পরিবার বা সম্প্রদায়ের ইচ্ছার বিরুদ্ধে তাদের বাড়িঘর বা জমি থেকে স্থায়ীভাবে বা অস্থায়ী অপসারণ, যা তারা যথাযথ আইনি বা অন্যান্য সুরক্ষার বিধান এবং অ্যাক্সেস ছাড়াই দখল করে।

প্রথম নজর

২৫টি গাছ কাটার অনুমতি দিল খোদ বনদপ্তর

জিয়াউল হক ● চুঁচুড়া

আপনজন: একটি গাছ একটি প্রাণ, কিন্তু এবার ২৫টি গাছ কাটার অনুমতি দিল খোদ বনদপ্তর। পোলবার রাজহাট এলাকায় গাছ কাটার অভিযোগ নতুন নয়। বিগত দিনে একের পর এক বাগান ফাঁকা হয়েছে , বেড়েই চলেছে গাছ মাফিয়াদের দৌরাত্ম্য। এরপর বহু জমির মাটিও বিক্রি হয়েছে। শেষমেষ প্লটিং হয়ে ঘরও তৈরি হয়েছে। একাধিকবার অভিযোগ হলেও কোনও পদক্ষেপ গ্রহণ করা হয়নি। চোখ কান এক্কেবারে বন্ধপ্রায় প্রসাশনের, বৃহস্পতিবার রাজহাটের ভাটুয়া নিমতলায় একটি আম বাগানে গাছ কাটার অভিযোগ ওঠে। এ বারে অবশ্য পারিবারিক অর্থনৈতিক সমস্যা দেখিয়ে ২৫টি গাছ কাটার অনুমতি পত্র দিয়েছে বন দফতর। কিভাবে অতগুলি গাছ কাটার অনুমতি সরকারিভাবে দেওয়া হল, প্রশ্ন তুলেছেন পশ্চিমবঙ্গ বিজ্ঞান মঞ্চের সদস্যরা। বিজ্ঞান মঞ্চের আশঙ্কা ওই জমিতে প্লটিং হতে পারে। যে বা যাঁরা গাছ কাটছেন তাঁদের দাবি সেখানে নতুন করে গাছ লাগানো হবে। যদিও তেমনটা বিগত দিনে খুব একটা হয়নি। তবে গাছ কাটার অনুমতি নিতে হলে বনদপ্তরকে জমির মালিকের তরফ থেকে দিতে হয় ফাস্টক্লাস ম্যাজিস্ট্রেটের এফিডেভিট, তাতে অবশ্যই লেখা থাকে ঐ জমির চরিত্র কোনো মতেই পাল্টানো যাবে না।

নার্সিং কলেজের ল্যাম্প লাইটিং

সুরজীৎ আদক ● উলুবেড়িয়া

আপনজন: উলুবেড়িয়ায় সেবাব্রত ইনস্টিটিউট অফ নার্সিং কলেজের তৃতীয় ল্যাম্প লাইটিং সেরিমনি পালন করা হল বৃহস্পতিবার। জানা গেছে, জিএনএম বিভাগে ৪৫ এবং বিএসসি নার্সিং এর ৪০ জন ছাত্রী এদিন শপথ গ্রহণ করেন।অনুষ্ঠানে উপস্থিত ছিলেন,নার্সিং কলেজের প্রিন্সিপাল দীপ্তি ভট্টাচার্য, সেবাব্রত এডুকেশনাল ট্রাস্ট-এর সভাপতি শান্তি গের,সম্পাদক নাসির উদ্দিন মল্লিক প্রমুখ।

ছেলের সাক্ষীতে বাবার যাবজ্জীবন কারাদণ্ড দিল লালবাগ আদালত

সারিউল ইসলাম ● মুর্শিদাবাদ

আপনজন: নাবালক ছেলের সাক্ষীর ভিত্তিতে বাবাকে দোষী সাব্যস্ত করে যাবজ্জীবন কারাদণ্ডের নির্দেশ দিল আদালত।
২০২১ সালের ১১ই জুলাই রাতে জিয়াগঞ্জ থানার বাহাদুরপুর গ্রাম পঞ্চায়েতের গণেশপুর সরকারপাড়া এলাকায় স্ত্রীকে বালিশ চাপা দিয়ে শ্বাসরোধ করে খুন করে প্রমাণ লোপাট করতে দেহ ঝুলিয়ে দেয় স্বামী। ঘুমের ভান করে সমস্ত ঘটনার সাক্ষী থাকে সাত বছরের ছেলে দেবু মন্ডল।
ঘটনার একদিন পর দাদুকে মায়ের মৃত্যুর সব রহস্য খুলে বলে দেবু। ১৪ ই জুলাই মৃতার বাবা জটু মন্ডল জিয়াগঞ্জ থানায় লিখিত অভিযোগ দায়ের করেন। ঘটনায় গ্রেপ্তার করা হয় স্বামী বিকাশ মণ্ডল কে। কেসের তদন্ত শুরু করেন জিয়াগঞ্জ থানার সাব-ইন্সপেক্টর তুষার কান্তি মন্ডল। ২২ জনের সাক্ষ্য প্রমাণের ভিত্তিতে লালবাগ দ্বিতীয় দ্রুত নিষ্পত্তি আদালতের বিচারক বর্ণালী দাসগুপ্ত বুধবার ৪৯৮ ও ৩০২ ধারায় আসামিকে দোষী সাব্যস্ত করেন।
বৃহস্পতিবার আসামি বিকাশ মণ্ডল কে যাবজ্জীবন কারাদন্ডের নির্দেশ দেন বিচারক।
সরকারি পক্ষের আইনজীবী পুলক মুখার্জি বলেন, 'বধূ নির্যাতন এবং খুনের ঘটনায় আসামীকে যাবজ্জীবন কারাদন্ডের নির্দেশ দেওয়া হয়েছে।' অন্যদিকে আসামিপক্ষের আইনজীবী শওকত আলী বলেন, 'আমার মক্কেল চক্রান্তের শিকার, আগামীতে উচ্চ আদালতে যাব।'

শিক্ষার্থীদের চেতনার বিকাশ ঘটাতে বিজ্ঞান চর্চাও চাই: খাজিম

রঙ্গিলা খাতুন ● খড়গ্রাম

আপনজন: বর্ণাঢ্য সাংস্কৃতিক অনুষ্ঠান ও বিজ্ঞান প্রদর্শনী মেলা এবং রক্তদান শিবিরের অনুষ্ঠিত হল খড়গ্রামে পাবলিক স্কুলে। মুর্শিদাবাদ জেলার কান্দি মহকুমার খড়গ্রাম থানার বেঙ্গল পাবলিক স্কুলে প্রতি বছরের ন্যায় এ বছরো বার্ষিক বর্ণাঢ্য সাংস্কৃতিক অনুষ্টানের আয়োজন করা হয়।
পাশাপাশি বিজ্ঞান সম্পর্কে চেতনার বিকাশ ঘটাতে বিজ্ঞান প্রদর্শনী মেলা হয়। তাড়াছা রক্তের সংকট দূর করতে বেঙ্গল পাবলিক স্কুলের পক্ষ থেকে রক্তদান শিবিরের আয়োজন করা হয় । জানা গিয়েছে ৫০ জন রক্তদাতা এই শিবিরে স্বেচ্ছায় রক্তদান করেছেন।
এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন খড়গ্রামের বিধায়ক আশিষ মার্জিত, হাজী মীর আবুল ফায়েজ ট্রাস্টের সভাপতি মীর মতিউর রহমান পাশাপাশি উপস্থিত ছিলেন ট্রাস্ট এর সম্পাদক মীর মুস্তাক আহমেদ এছাড়াও ইতিহাসবিদ খাজিম আহামেদ ও খড়গ্রাম স্কুল পরিদর্শক রিমি সরকার ছাড়াও বিশিষ্ট অতিথিবৃন্দ।
ইতিহাসবিদ খাজিম আহমেদ বলেন, শিক্ষার্থীদের চেতনার বিকাশ ঘটাতে শিক্ষার পাশাপাশি সাংস্কৃতিক অনুষ্ঠান, বিজ্ঞান বিষয়ক আলোচনা অত্যান্ত প্রয়োজন রয়েছে। কেবল খড়গ্রামে নয় সর্বত্র সাংস্কৃতিক বিষয়কে ছড়িয়ে দিতে সকলকে উদ্যোগ নিতে হবে। এদিনেরএই অনুষ্ঠান থেকে প্রাক্তন ছাত্রছাত্রীদের পুনর্মিলনের আয়োজন করার পাশাপাশি স্কুলের পক্ষ থেকে বিনা পয়সায় বাজার দেওয়া একটি সংস্থাকে সংবর্ধনা দেয়া হয়। এই অনুষ্ঠান কেন্দ্র করে শিক্ষার্থী শিক্ষক এবং এলাকার মানুষের উৎসাহ ছিল চোখে পড়ার মতো।

হাড়োয়া বিধানসভা এলাকায় ঢালাই রাস্তার শিলান্যাস

মনিরুজ্জামান ও ইস্রাফিল বৈদ্য ● বারাসত

আপনজন: উত্তর ২৪ পরগনার হাড়োয়া বিধানসভা এলাকার কীর্ত্তিপুর ১ নম্বর গ্রাম পঞ্চায়েতের খড়িবাড়ি মোবারেক মার্কেট থেকে ওরান পল্লী হয়ে সানবেড়িয়া পশ্চিমপাড়া পর্যন্ত প্রায় এক কোটি টাকা ব্যয়ে নতুন ঢালাই রাস্তার শিলান্যাস অনুষ্ঠান সম্পন্ন হয় বৃহস্পতিবার। এই কর্মসূচিতে উপস্থিত হয়ে বিশিষ্ট সমাজসেবী শম্ভুনাথ ঘোষ বলেন,এই রাস্তাটি অত্যন্ত প্রয়োজন ছিল এলাকার মানুষের জন্য।যে তৎপরতা দেখিয়ে জেলা পরিষদের তহবিল থেকে ঢালাই রাস্তার বন্দোবস্ত হল তা প্রশংসনীয়। রাজ্যের মুখ্যএই রাস্তাটি তৈরির অন্যতম উদ্যোক্তা উত্তর ২৪ পরগনা জেলা পরিষদের বন ও ভূমি স্থায়ী সমিতির কর্মাধ্যক্ষ একেএম ফারহাদ। তিনি বলেন,মানুষের পরিষেবা দেওয়াই আমাদের মূল লক্ষ্য। তাই যে কোনও প্রকারে সাধারণ মানুষের জন্য সর্বতোভাবে আত্মনিয়োগ করে মমতা বন্দ্যোপাধ্যায়ের উন্নয়নকে ত্বরান্বিত করাই জনপ্রতিনিধিদের কাজ। রুপন্যা ওরান নামে এক মহিলা বলেন,আমরা অত্যন্ত খুশি। মুখ্যমন্ত্রী সহ এই রাস্তাটি তৈরি করতে যারা প্রচেষ্টা চালিয়েছেন সকলের মঙ্গল হোক।আর মা মাটি মানুষের নেত্রী যেভাবে বাংলাকে সুন্দর ভাবে এগিয়ে নিয়ে চলেছেন এদিনের এই কর্মসূচিতে উপস্থিত ছিলেন বারাসাত ২ নম্বর পঞ্চায়েত সমিতির সভাপতি মনোয়ারা বিবি,সহ সভাপতি মেহেদী হাসান,পঞ্চায়েত সমিতির কর্মাধ্যক্ষ মান্নান আলী,আছের আলী মল্লিক, রঞ্জিত মন্ডল, সহিদুল, সদস্য হাফিজুর রহমান, স্থানীয় প্রধান তৃষ্ণা পাত্র,উপপ্রধান রবিউল ইসলাম, উম্মে হাবিবা , মাওঃ সাহাদাত আলী, শুকুর আলী,ইয়ানবী মোদি, সাহাজান বাদশা, তপন ওরান, সন্তু ওরান, মিজানুর আলম বাবাই প্রমুখ।

বুলবুলচণ্ডীতে জনগর্জন সভার প্রস্তুতি মিটিংয়ে নিশানা বিজেপি

দেবাশিস পাল ● মালদা

আপনজন: তৃণমূলের জনগর্জন সভাকে সফল করতে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হলো মালদার হবিবপুর ব্লকের বুলবুলচন্ডীতে। বুলবুলচন্ডী বাস স্ট্যান্ডে এই প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। আবাস যোজনা, একশ দিনের কাজের বকেয়া সহ বিভিন্নভাবে বঞ্চিত করার অভিযোগ তুলে তৃণমূলের বক্তারা বিদ্ধ করেন কেন্দ্রীয় সরকার ও বিজেপিকে। তার প্রতিবাদেই জনগর্জন সভার ডাক দেওয়া হয়েছে ব্রিগেডে। মালদার হবিবপুর ব্লক থেকে কয়েক হাজার তৃণমূল কর্মী সমর্থকরা কলকাতার ব্রিগেডে উদ্দেশ্যে রওনা দিবেন বলে ঘাসফুল শিবিরের নেতৃত্বদের দাবি। এদিনের সভায় প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন, কলকাতার পৌর নিগমের কাউন্সিলর তথা রাজ্যের মুখপাত্র অরূপ চক্রবর্তী। এছাড়াও উপস্থিত ছিলেন, হবিবপুর ব্লক তৃণমূল কংগ্রেসের সভাপতি কিষ্টু মুর্মু,মালদা জেলা পরিষদের ক্ষুদ্র শিল্প ও বিদ্যুৎ দপ্তরের কর্মাধ্যক্ষ রেজিনা মুর্মু ,মালদা জেলা তৃণমূল কংগ্রেসের সহ-সভাপতি উজ্জ্বল মিশ্র, হবিবপুর ব্লক তৃণমূল যুব কংগ্রেসের সভাপতি মৃগাঙ্ক মোহন রায় সহ অন্যান্য তৃণমূল কংগ্রেসের নেতৃত্বরা। ১০০দিনের টাকা নিয়ে কলকাতার পৌর নিগমের কাউন্সিলর তথা রাজ্যের মুখপাত্র অরূপ চক্রবর্তী উত্তর মালদার সাংসদকে চিটার বলে কটাক্ষ করেন।
অরূপ চক্রবর্তী কড়া ভাষায় প্রধানমন্ত্রীকে এক হাত নিলেন। তিনি বলেন, কেন্দ্র সরকার আমাদের রাজ্যের ১০০ দিনের কাজের টাকা দেওয়া বন্ধ করেছে। সাধারণ মানুষের পাশে দাঁড়িয়েছেন রাজ্য সরকার মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। শ্রমিকদের ১০০ দিনের বকেয়া টাকা এই সরকার দেওয়ার ব্যবস্থা করেছে। কেন্দ্র সরকার তাঁদের টাকা আটকে রেখে সাধারণ মানুষের সমস্যায় ফেলেছে।

আহত যুবকের পাশে ৬০ বছরের বৃদ্ধ

মাফরুজা মোল্লা ● ক্যানিং

আপনজন: ট্রেন দুর্ঘটনায় গুরুতর জখম এক যুবক কে উদ্ধার করে চিকিৎসার জন্য হাসপাতালে নিয়ে গেলেন বছর ৬০ বয়সের মানবিক বৃদ্ধ সুভাষ নস্কর।ঘটনাটি ঘটেছে বৃহস্পতিবার সন্ধ্যায় শিয়ালদহ দক্ষিণ শাখার ক্যানিং লাইনের তালদি স্টেশন সংলগ্ন এলাকায়। বর্তমানে আহত যুবক আশাঙ্কাজনক অবস্থায় অঞ্জাতপরিচয় ওই যুবক ক্যানিং মহকুমা হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। স্থানীয় সুত্রে জানা গিয়েছে, এদিন সন্ধ্যা ৫ টা নাগাদ আপ ক্যানিং-শিয়ালদহ ট্রেন তালদি স্টেশনে ঢোকার কয়েক মিনিট দূরে এক যুবক ট্রেনে কাটা পড়ে।দেহ থেকে তার দুটি পা আলাদা হয়ে যায়। রক্তাক্ত অবস্থায় ট্রেন লাইনে পড়ে থাকতে দেখেন স্থানীয় যুবক সমীর ওঝা ও বৃদ্ধ সুভাষ নস্কর। তাঁরা তড়িঘড়ি ওই যুবক কে রক্তাক্ত অবস্থায় উদ্ধার করেন।

ছড়িয়ে-ছিটিয়ে

বোমা উদ্ধারকে ঘিরে চাঞ্চল্য দৌলতাবাদে

রাকিবুল ইসলাম ● দৌলতাবাদ

আপনজন: লোকসভা নির্বাচনের আগে বোমা উদ্ধারের ঘটনায় চাঞ্চল্য এলাকায়।
গোপন সূত্রে খবর পেয়ে বৃহস্পতিবার সকালে মুর্শিদাবাদের দৌলতাবাদ থানার মদনপুর নতুনপাড়া এলাকায় তল্লাশি চালায় দৌলতাবাদ থানার ওসি দীপক হালদার সহ তার টিম ওই এলাকায় তল্লাশি চালিয়ে একটি বাঁশ বাগানে থেকে ব্যাগ ভর্তি সকেট বোমা উদ্ধার করে পুলিশ। তারপরে দৌলতাবাদ থানার পুলিশ বোম স্কোয়াড কর্মীদের খবর দেয়।পড়ে ঘটনাস্থলে এসে বোম স্কোয়াড কর্মীরা বোম গুলি নিষ্ক্রিয় করে। কে বা কারা কি কারনে বাঁশ বাগানে বোমা মজুদ করে রেখেছিল ঘটনার তদন্ত শুরু করেছে দৌলতাবাদ থানার পুলিশ।

ছাত্রীকে গণধর্ষণের অভিযোগ তৃণমূল নেতার ছেলে ও তার সঙ্গীর বিরুদ্ধে

সেখ রিয়াজুদ্দিন ও আজিম সেখ ● বীরভূম

আপনজন: ৮ মার্চ আন্তর্জাতিক নারী দিবস। এ উপলক্ষে সরকারি বেসরকারি সংস্থা সহ বিভিন্ন সংগঠনের পক্ষ থেকে নানান কর্মসূচির মাধ্যমে দিনটি পালিত হবে। সেখানে নারীদের বিভিন্ন অগ্রগতি,উন্নয়ন ,স্বাধীনতার কথা প্রকাশ পাবে। কিন্তু একটা প্রশ্ন থেকেই যাবে নারীদের নিরাপত্তা।সেই নিরাপত্তার অভাবে আন্তর্জাতিক নারী দিবসের প্রাক্কালে গণধর্ষণের শিকার নবম শ্রেণীতে পাঠরত এক স্কুল ছাত্রী।ঘটনাটি বীরভূমের পাইকর থানার নতুনপুকুর গ্রামে।যদিও ঘটনায় জড়িত থাকার অভিযোগে রাজা সেখ নামে এক অভিযুক্তকে গ্রেফতার করেছে স্থানীয় থানার পুলিশ। ধৃত যুবক রুদ্রনগর ৮ নম্বর নতুনপাড়া তৃণমূল কংগ্রেসের বুথ সভাপতি সেতারা বিবির ছেলে বলে জানা যায়।এলাকার বাসিন্দারা জানান,বুধবার বিকেল চারটে নাগাদ বীরভূমের পাইকর থানার বোনহা ওবেদিয়া হাইস্কুল থেকে পায়ে হেঁটে বাড়ি ফিরছিল ছাত্রী। সেই সময় তাকে বাড়ি পৌঁছে দেওয়ার নামে মোটর সাইকেলে চাপিয়ে নিয়ে যায়। এরপর ফাঁকা মাঠের মধ্যে নিয়ে গিয়ে ছাত্রীটকে গণধর্ষণ করে বলে অভিযোগ। ঘটনাটি স্থানীয় কয়েকজনের নজরে আসতেই হাতেনাতে ধরে এক যুবককে আটকে রাখে এবং পুলিশে খবর দেন। খবর পেয়ে পাইকর থানার পুলিশ ঘটনাস্থল থেকে ছাত্রীটিকে উদ্ধার করেন এবং চিকিৎসার জন্য স্থানীয় পাইকর ব্লক হাসপাতালে নিয়ে যায়।সেইসাথে স্থানীয় লোকজন কর্তৃক আটককৃত যুবককে পুলিশ গ্রেফতার করে থানায় নিয়ে যায়। বৃহস্পতিবার ধৃতকে রামপুরহাট মহকুমা আদালতে তোলা হলে বিচারক তিন দিনের পুলিশি হেফাজতের নির্দেশ দেন বলে খবর।

ইন্দাসে ৬০টি বিজেপি পরিবার এল তৃণমূলে

সঞ্জীব মল্লিক ● বাঁকুড়া

আপনজন: বিজেপি সৌমিত্র খাঁকে লোকসভার টিকিট দেওয়ায় ইন্দাসে বিজেপির এক প্রাক্তন মন্ডল সভাপতি সহ ৬০টি পরিবারে শতাধিক বিজেপি কর্মী তৃণমূলে যোগদান করলেন ব্লক সভাপতির হাত ধরে দাবি তৃণমূল কংগ্রেসের । লোকসভা নির্বাচনের আগে বিজেপিতে ভাঙ্গন। ইন্দাসে তৃণমূল কংগ্রেসের পক্ষ থেকে জনগর্জনের প্রস্তুতি সভা চলছিল, সেখানেই এলাকার ৬০ টি পরিবার থেকে প্রায় শতাধিক বিজেপি কর্মী এবং একজন বিজেপির প্রাক্তন মন্ডল সভাপতি তৃণমূলে যোগদান করে ইন্দাস ব্লক তৃণমূল কংগ্রেস সভাপতি শেখ হামিদের হাত ধরে এমনটাই দাবি তৃণমূলের। যোগদান হওয়ার পর বিজেপি কর্মীদের দাবি লোকসভা নির্বাচনে সৌমিত্র খাঁকে টিকিট দেওয়ার জন্য তারা বিজেপি ছেড়ে তৃণমূলে যোগদান করেছে, তারা আরো জানান এলাকায় উন্নয়ন করার জন্য স্থানীয় বিজেপি বিধায়ক নির্মল কুমার ধারা এবং বিজেপি সাংসদ সৌমিত্র খাঁ কে বহুবার বললেও কোনরকম এলাকায় উন্নয়ন হয়নি। যে কারণে দিদির উন্নয়ন যজ্ঞে সামিল হতে তারা তৃণমূলে যোগদান করল। পাল্টা প্রতিক্রিয়া বিজেপির, বিষ্ণুপুর সাংগঠনিক জেলা বিজেপির মুখপাত্র দেবপ্রিয় বিশ্বাস জানান, বিজেপি থেকে কোন কর্মী তৃণমূলে যোগদান করেনি, যারা যোগদান করেছে তারা তৃণমূলেরই কর্মী ছিল। লোকসভা নির্বাচনের আগে তৃণমূল মানুষকে বিভ্রান্ত করার চেষ্টা করছে। তাছাড়া যারা বলছে সাংসদ এলাকায় কাজ করেনি তারা হয়তো চোখে দেখতে পারেনা এলাকায় সাংসদের হাত ধরে বহু উন্নয়ন হয়েছে।

জলঙ্গির প্রস্তুতি সভায় রাজ্যের পরিবহণ মন্ত্রী

সজিবুল ইসলাম ● ডোমকল

আপনজন: মুর্শিদাবাদের জলঙ্গির বিধায়ক আব্দুর রাজ্জাকের নির্দেশে ও দক্ষিণ জোন ব্লক তৃণমূল কংগ্রেসের সভাপতি মাসুম আলী আহমেদের উদ্যোগে পাঁচ অঞ্চলের সহযোগিতায় জলঙ্গি বিডিও অফিস প্রাঙ্গনে জনগর্জন সমাবেশের প্রস্তুতি সভার আয়োজন করেন সেই সভায় কংগ্রেসের মেম্বার মন্ত্রীর হাত ধরে যোগদান করলেন তৃণমূলে। তৃণমূলে যোগ দিলেন কংগ্রেসের টিকিটে জয়ী এক গ্রাম পঞ্চায়েত সদস্যা । পাশাপাশি জনগর্জন প্রস্তুতি সভার মধ্য দিয়ে শুরু হল লোকসভা নির্বাচনের প্রস্তুতি।
জলঙ্গি ব্লক তৃণমূল দক্ষিণ জোনের ডাকে জনগর্জন সভার প্রস্তুতি সভা, আর এই সভা মঞ্চে দেখা গেল এক ঝাঁক হেবিওয়েট তৃণমূল নেতৃত্ব। মঞ্চে ছিলেন রাজ্যের পরিবহণ মন্ত্রী স্নেহাশীষ চক্রবর্তী, প্রাক্তন সাংসদ তথা তৃণমূল সহ-সভাপতি মইনুল হাসান, বর্তমান সাংসদ আবু তাহের খান , বিধায়ক আব্দুর রাজ্জাক, ব্লক সভাপতি মাসুম আলী আহমেদ সহ আরো অনেকে। এদিনের এই মঞ্চ থেকে বিজেপিকে একের পর এক কড়া ভাষায় আক্রমণ করেন তৃণমূল নেতৃত্ব পাশাপাশি বাম কংগ্রেসের দিকেও আঙ্গুল তুলে কথা বলেন।মন্ত্রী বলেন বিজেপি যেভাবে ধর্মের নামে রাজনীতি করছে সেটা সকলেই বুঝে গিয়েছে ,আর আমাদের নেত্রী তথা মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় সকল ধর্মের মানুষকে এক সুতোয় বাধার কাজ করে চলেছেন ।তিনি আরো বলেন বিজেপির কোনো নেতা বা মন্ত্রী একটা প্রকল্পের নাম বলতে পারবে না যে সাধারণ মানুষের জন্য করেছে কিন্তু আমাদের সরকার সার্বজনীন প্রকল্প করেছেন।আগামীতে বিজেপি সরকার কে উৎখাতের ডাক দেন এদিনের প্রস্তুতি সভা থেকে।প্রস্তুতি সভায় তৃণমূল কংগ্রেসের কর্মী সমর্থকদের ভিড় ছিল চোখে পড়ার মতো এদিন।এদিনের সভা থেকে এক কথায় লোকসভা নির্বাচনের প্রস্তুতি শুরু হয়ে গেলো বলে মনে করছেন রাজনৈতিক মহল।

বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের জন্য বিশেষ উদ্যোগ সর্ব শিক্ষা মিশনের

নাজিম আক্তার ● হরিশ্চন্দ্রপুর

আপনজন: সর্বশিক্ষা মিশনের উদ্যোগে সারা রাজ্য জুড়ে বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের জন্য বিশেষ উদ্যোগ নিয়েছে। তারই অংশ হিসেবে মালদা সর্ব শিক্ষা মিশনের ব্যবস্থাপনায় বৃহস্পতিবার মালদা প্রাথমিক শিক্ষা সংসদের অন্তর্গত গোলাপগঞ্জ চক্রে বিশেষ চাহিদা সম্পন্ন শিশুদের জন্য মডেল রিসোর্স রুমের উদ্বোধন করা হয়। প্রতিবন্ধী শিশুদের শারীরিক ও মানসিক বিকাশের জন্য বিভিন্ন ধরনের খেলার সরঞ্জাম মডেল রিসোর্স রুমে নিয়ে আসা হয়েছে।এদিন উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন মালদা সর্বশিক্ষা মিশনের এডিপিও অনির্বান মুখার্জী,সর্বশিক্ষা মিশনের জেলা কো-অর্ডিনেটর পঙ্কজ কুমার দাস।গোলাপগঞ্জ চক্রের অবর বিদ্যালয় পরিদর্শক অনির্বান সাহা বলেন,'প্রতিবন্ধী শিশুরা যাতে পাড়াশোনার পাশাপাশি শারীরিক ও মানসিকভাবে বিকাশ লাভ করতে পারে তার জন্য এই মডেল রিসোর্স রুমের ব্যবস্থা করা হল।সর্বশিক্ষা মিশনের তরফে প্রতিবন্ধী শিশুদের আর্থিক সাহায্যও করা হয়ে থাকে।

ফুরফুরা শরীফে ইসালে সওয়াবে প্রগ্রেসিভ নার্সিংহোম এন্ড হাসপাতাল অ্যাসোসিয়েশনের চিকিৎসা সহায়তা। ছবি: সেখ আব্দুল আজিম।

কাজল শেখের হাত ধরে বিজেপি ছেড়ে তৃণমূলে

আমীরুল ইসলাম ● বোলপুর

আপনজন: বিজেপির বোলপুর সাংগঠনিক জেলার সাধারণ সম্পাদক, ওবিসি মোর্চার নানুর মন্ডলের প্রাক্তন সভাপতি সহ মোট ৫০০ জন বিজেপি ছেড়ে তৃণমূলে যোগদান করল। বীরভূমের কীর্নাহারে জনগর্জন সভার প্রস্তুতি কর্মীসভায় তৃণমূল নেতা কাজল শেখের হাত ধরে যোগদান করানো হলো।
আগামী ১০ই মার্চ কলকাতার ব্রিগেডের ময়দানে তৃণমূল কংগ্রেসের জনগর্জন সভাকে কেন্দ্র করে বৃহস্পতিবার নানুর ব্লক তৃণমূল কংগ্রেসের ডাকে কীর্ণাহার বাসষ্ট্যান্ডে হয়ে গেল প্রস্তুতি সভা। এদিন এই সভামঞ্চ থেকেই ৫০০ বিজেপি কর্মী বিজেপি ছেড়ে বীরভূম জেলা পরিষদের সভাধিপতি কাজল সেখের হাত ধরে তৃণমূলে যোগদান করলেন, তাদের দুই জন হলেন সনাতন ঘোষ প্রাক্তন নানুর মণ্ডলের ওবিসি মোর্চার সভাপতি, বুদ্ধদেব ঘোষ বোলপুর সাংগঠনিক জেলার সাধারণ সম্পাদক।
মূলত লোকসভার নির্বাচনের আগে বিজেপিতে বড় ভাঙ্গন ঘিরে বিজেপির বোলপুর সাংগঠনিক জেলায় অস্বস্তি বাড়ল।

প্রথম নজর

রমজানে মসজিদে নববীতে মহিলা স্বেচ্ছাসেবক দল

আপনজন ডেস্ক: পবিত্র মসজিদে নববীতে মুসল্লি ও দর্শনার্থীদের সেবায় পুরুষদের পাশাপাশি নারী স্বেচ্ছাসেবক নিয়োগ দিচ্ছে সৌদি আরব। আসন্ন পবিত্র রমজান মাস উপলক্ষে মসজিদ পরিচালনা পর্ষদের তত্ত্বাবধানে নারী স্বেচ্ছাসেবকদের বিশেষ প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন হয়। এরই মধ্যে এক হাজার ৩৫০ জনকে প্রশিক্ষণ দেওয়া হয়েছে। তাঁরা ভিড় নিয়ন্ত্রণ, মুসল্লিদের সঙ্গে যোগাযোগ, বিভিন্ন অনুষ্ঠান আয়োজন, বয়স্ক ও শারীরিক প্রতিবন্ধী সেবাসহ বিভিন্ন কার্যক্রম পরিচালনা করবেন।
প্রসঙ্গত, ইসলামী বিধান অনুসারে পবিত্র হজ ও ওমরাহ পালনের ক্ষেত্রে নারীদের সঙ্গে 'মাহরাম' বা পুরুষ আত্মীয় থাকার শর্ত রয়েছে। তবে দুই বছর ধরে সৌদি আরব 'মাহরাম' থাকার শর্তটি তুলে নেওয়ায় হজ ও ওমরাহ পালন করছেন অনেক নারী। সেই সঙ্গে মক্কা ও মদিনার পবিত্র দুই মসজিদে নারী কর্মকর্তা, নিরাপত্তাকর্মীসহ বিভিন্ন ক্ষেত্রে অনেক নারীকে নিয়োগ দেওয়া হয়। এদিকে মক্কার পবিত্র গ্র্যান্ড মসজিদে ইফতার বিতরণের আবেদনপত্র গ্রহণ করা শুরু হয়েছে। নির্ধারিত নীতিমালা অনুসরণ করে সংশ্লিষ্ট ওয়েবসাইটে আগ্রহীদের আবেদন করতে বলা হয়। ইফতারসামগ্রী হিসেবে খেজুর, শরবতসহ শুকনা খাবার সরবরাহে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অনুমোদন শর্তারোপ করা হয়। আসন্ন রমজান মাস উপলক্ষে মক্কা ও মদিনার পবিত্র দুই মসজিদে ব্যাপক প্রস্তুতি সম্পন্ন হয়েছে। উভয় মসজিদের তারাবি ও তাহাজ্জুদ নামাজের ইমামদের তালিকা প্রকাশ করা হয়। পবিত্র দুই মসজিদের পরিচালনা পর্ষদের প্রধান শায়খ ড. আবদুর রহমান আল সুদাইস রমজান সংশ্লিষ্ট কর্মপরিকল্পনা ঘোষণা করেন। চাঁদ দেখা সাপেক্ষে আগামী ১১ মার্চ পবিত্র রমজান শুরু হবে। এ মাসে বিশ্বের অসংখ্য মুসলিম ওমরাহ পালন করে। গত বছর এক কোটি ৩০ লাখ ৫৫ হাজারের বেশি মুসলিম ওমরাহ পালন করে। এ বছর দুই কোটিরও বেশি ওমরাহযাত্রীর আশা করছে সৌদি আরব।

পশ্চিম তীরে ৩৪০০ বসতি স্থাপনের চূড়ান্ত অনুমোদন দিলো ইসরায়েল



আপনজন ডেস্ক: ইসরায়েল কর্তৃক অধিকৃত ফিলিস্তিনের পশ্চিম তীরে বসতি স্থাপনে ৩ হাজার ৪শটিরও বেশি নতুন বাড়ির স্থাপনের চূড়ান্ত অনুমতি দিয়েছে দখলদার ইসরায়েলি সরকার।
নাম প্রকাশ না করার শর্তে ইসরায়েলের এক মন্ত্রী জানিয়েছেন, প্রায় ৭০ শতাংশ বাড়ি তৈরি করা হবে জেরুজালেমের পূর্বে মা'লে আদুমিমে। বাকিগুলো বেথলেহেমের দক্ষিণে কাছাকাছি কেদার ও এফরাতে। ওই মন্ত্রী আরো বলেন, দুই সপ্তাহ আগে মালে আদুমিমের কাছে ফিলিস্তিনের হামলার জবাবে এ নির্মাণকাজ শুরু করা হবে।
এদিকে, দলখদার রাষ্ট্রের এই সিদ্ধান্তের চরম নিন্দা জানিয়েছে ফিলিস্তিনি কর্তৃপক্ষ। অন্যদিকে, আন্তর্জাতিক সম্প্রদায়ের বেশির ভাগ অংশই ফিলিস্তিনি ভূখণ্ডে ইসরায়েলি বসতি স্থাপনের বিষয়টির বিরোধিতা করে আসছে। কিন্তু ইসরায়েল কারও আপত্তি না মেনে বসতি স্থাপন করেই চলেছে। ইসরায়েলি সংবাদমাধ্যম হারেৎজের এক প্রতিবেদনে বলা হয়েছে, পশ্চিম তীরে ইসরায়েল সরকারের সিদ্ধান্ত বাস্তবায়নের লক্ষ্যে গঠিত হায়ার প্ল্যানিং কমিটি অব দ্য সিভিল অ্যাডমিনিস্ট্রেশন বুধবার (৬ মার্চ) এই ৩ হাজার ৪৭৬টি নতুন আবাসন তৈরির বিষয়টির চূড়ান্ত অনুমোদন দিয়েছে। এর মধ্যে ২ হাজার ৪৫২টি আবাসন তৈরি করা হবে মা'আলে আদুমিমে, ৬৯৪টি এফরাতে ও ৩৩০টি তৈরি করা হবে কেদারে।
ইসরায়েলের অর্থমন্ত্রী ও কট্টর ডানপন্থী রাজনীতিবিদ বেজালেল স্মতরিচ এই হায়ার প্ল্যানিং কমিটি অব দ্য সিভিল অ্যাডমিনিস্ট্রেশনের দায়িত্বে রয়েছেন।
তিনি বলেছেন, ২০২৩ থেকে শুরু করে এখন পর্যন্ত ১৮ হাজার ৫১৫টি আবাসন তৈরির অনুমতি দেওয়া হয়েছে। শত্রুরা আমাদের দুর্বল করার চেষ্টা করছে, কিন্তু আমরা ওই ভূখণ্ডে আবাসনের স্থাপন চালিয়েই যাবো।

রমজানে মসজিদে ইফতার আয়োজন নিষিদ্ধ করল সৌদি আরব

আপনজন ডেস্ক: পবিত্র রমজান মাসে মসজিদে ইফতার নিষিদ্ধ করেছে সৌদি আরব। মসজিদ পরিষ্কার-পরিচ্ছন্নতার বিষয়ে উদ্বেগ থেকেই এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। গত সপ্তাহে সৌদির ইসলামিক মন্ত্রণালয়ের প্রকাশিত একটি বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, সৌদি আরব সরকার বলেছে যে মসজিদের ভেতরে পরিষ্কার-পরিচ্ছন্নতার উদ্বেগের জন্য ইফতার প্রকল্পগুলো চালানো উচিত নয়।
বিজ্ঞপ্তিতে আরও বলা হয়েছে, 'ইমাম ও মুয়াজ্জিনদের মসজিদের আঙ্গিনায় ইফতারের জন্য উপযুক্ত জায়গা খুঁজে নেওয়া উচিত। তবে এর জন্য কোনো অস্থায়ী কক্ষ বা তাঁবু তৈরি করা উচিত নয়।'
মন্ত্রণালয় জোর দিয়ে বলেছে, মসজিদের ইমাম ও মুয়াজ্জিনদের উচিত নয় রোজাদারদের ইফতার প্রকল্পের জন্য আর্থিক অনুদান সংগ্রহ করা।
নিষেধাজ্ঞার পাশাপাশি, মসজিদ চত্বরে ক্যামেরা ব্যবহার ও ফটোগ্রাফিও নিরুৎসাহিত করা হয়েছে এবং অনলাইন মিডিয়াসহ যেকোনো মিডিয়ায় এসব সম্প্রচার করতে মানা করা হয়েছে।

রাখাইনে বিদ্রোহী গোষ্ঠীর সঙ্গে সংঘাতে ৩ কর্মকর্তাসহ ২৩ সেনা নিহত

আপনজন ডেস্ক: মিয়ানমারের পশ্চিমাঞ্চলীয় রাজ্য রাখাইনে বিদ্রোহী সশস্ত্র গোষ্ঠী আরাকান আর্মির (এএ) সঙ্গে তীব্র সংঘাতে জান্তা বাহিনীর ২ জন কর্নেল, একজন মেজরসহ ২৩ সেনা সদস্য নিহত হয়েছেন।
বুধবার (৬ মার্চ) এক বিবৃতিতে এ তথ্য জানিয়েছে এএ।
বিবৃতিতে বলা হয়, রাখাইনের পোন্নাগিউন শহরে গত ২১ ফেব্রুয়ারি থেকে সামরিক বাহিনীর ৫৫০ তম লাইট ইনফ্যান্ট্রি ব্যাটালিন বিভাগের (এলআইবি ৫৫০) সঙ্গে সংঘাত বাঁধে গোষ্ঠীটির। ১৩ দিন ধরে ব্যাপক যুদ্ধ চলার পর গত ৪ মার্চ এলআইবি ৫৫০'র হেড কোয়ার্টার দখলে নেয় এএ। হেড কোয়ার্টার ও তার আশপাশের এলাকা থেকে এই সেনা কর্মকর্তা ও সদস্যদের মরদেহ উদ্ধার করা হয়েছে বলে বিবৃতিতে জানিয়েছে আরাকান আর্মি। নিহত সেনা কর্মকর্তাদের পরিচয়ও উদ্ধার করা হয়েছে। এরা হলেন কর্নেল মায়ো মিন কো কো, লেফটেন্যান্ট কর্নেল ফিও দু অং এবং মেজর সো হাতওয়ে। ৫৫০ তম লাইট ইনফ্যান্ট্রি বিভাগের হেডকোয়ার্টার দখলের পশাপাশি সেখান থেকে বিপুল পরিমাণ অস্ত্রশস্ত্র, গোলাবারুদ, সামরিক সরঞ্জাম এবং কয়েকটি সাঁজোয়া যান জব্দ করেছে আরাকান আর্মি। সেই সঙ্গে পোন্নাগিউন শহরকে মুক্তাঞ্চল হিসেবে ঘোষণা করেছে গোষ্ঠীটি।
প্রসঙ্গত, রাখাইনের রাজধানী সিতওয়ে থেকে পোন্নাগিউনের দূরত্ব মাত্র ৩৩ কিলোমিটার। পোন্নাগিউনের নিয়ন্ত্রণ নেওয়ার আগে সিতওয়ের নিকটবর্তী পাউকতাও শহরও দখলও করেছে আরাকান আর্মি।
প্রসঙ্গত, সর্বশেষ ২০২০ সালের জাতীয় নির্বাচনে ভূমিধস জয় পেয়ে সরকার গঠন করেছিল মিয়ানমারের গণতন্ত্রপন্থী নেত্রী অং সান সুচির রাজনৈতিক দল ন্যাশনাল লীগ ফর ডেমোক্রেসি। কিন্তু সেই নির্বাচনে কারচুপির অভিযোগ তুলে ২০২১ সালের ১ ফেব্রুয়ারি অভ্যুত্থানের মাধ্যমে গণতান্ত্রিক সরকারকে হটিয়ে ক্ষমতা দখল করে সামরিক বাহিনী। সেনাপ্রধান জেনারেল মিন অং হ্লেইং এই অভ্যুত্থানে নেতৃত্ব দিয়েছিলেন। ২০২১ সালের ১ ফেব্রুয়ারি অভ্যুত্থানের মাধ্যমে গণতন্ত্রপন্থী নেত্র অং সান সু চির নেতৃত্বাধীন এনএলডি সরকারকে হটিয়ে জাতীয় ক্ষমতা দখল করে মিয়ানমারের সেনাবাহিনী।
সেনাপ্রধান জেনারেল মিন অং হ্লেইং এ অভ্যুত্থানে নেতৃত্ব দিয়েছিলেন। সামরিক বাহিনী ক্ষমতা দখল করার পরপরই ফুঁসে উঠেছিল মিয়ানমারের গণতন্ত্রপন্থী জনতা। গণতান্ত্রিক শাসন ব্যবস্থা ফিরিয়ে আনার দাবিতে দেশজুড়ে আন্দোলন শুরু করেন তারা। কিন্তু মিয়ানমারের পুলিশ ও নিরাপত্তাবাহিনীর সদস্যরা বিক্ষোভ দমনে আগ্নেয়াস্ত্র ব্যবহার করা শুরু করার পর ২০২২ সালের দিকে গণতন্ত্রপন্থীদের একাংশ জান্তাবিরোধী বিদ্রোহী গোষ্ঠীগুলোতে যোগ দেওয়া শুরু করে। ২০২৩ সালের অক্টোবরের শেষ দিক থেকে মিয়ানমারের বিভিন্ন প্রদেশে সামরিক বাহিনীর বিরুদ্ধে সমন্বিত আক্রমণ শুরু করে মিয়ানমারের জান্তাবিরোধী সশস্ত্র গোষ্ঠীগুলোর জোট পিপলস ডেমোক্রেটিক ফোর্স (পিডিএফ)। পিডিএমভুক্ত তিন গোষ্ঠী ডেমোক্রেটিক অ্যালায়েন্স আর্মি (এমএনডিএ), আরাকান আর্মি (এএ) এবং তা'আং ন্যাশনাল লিবারেশন আর্মির (টিএনএলএ) এই সংঘাতে নেতৃত্ব দিচ্ছে। এই তিন গোষ্ঠী একত্রে থ্রি ব্রাদারহুড অ্যালায়েন্স নামেও পরিচিত।
রাখাইনে আরাকান আর্মির সঙ্গে জান্তা বাহিনীর সংঘর্ষ বাঁধে নভেম্বর থেকে। গত ১৩ নভেম্বর থেকে উত্তর রাখাইন ও প্রতিবেশী দক্ষিণ চিন রাজ্যের পালেতওয়া শহরজুড়ে জান্তা বাহিনীর বিরুদ্ধে হামলা চালানো শুরু করে এই বিদ্রোহী গোষ্ঠী। এর আগে গত মাসে সিতওয়ের সামরিক কমান্ডারদের সতর্কবার্তা দিয়েছিল আরাকান আর্মি। সেই সতর্কবার্তায় কমান্ডারদের আত্মসমর্পণের আহ্বান জানিয়ে গোষ্ঠীটি বলেছিল, যদি সামরিক বাহিনী তা না করে– সেক্ষেত্রে পরাজয় বরণ করতে হবে। সিতওয়ে সামরিক কমান্ড আত্মসমর্পণ করেনি। তবে আরাকান আর্মির হুমকির পর সিতওয়ের জান্তা প্রশাসনের অনেক কর্মকর্তা ও কর্মচারী সেখান থেকে পালিয়ে গেছে। মিয়ানমারের গণতন্ত্রপন্থী সাবেক এক সেনা কমান্ডার দেশটির সংবাদমাধ্যম দ্য ইরাবতি এ প্রসঙ্গে বলেছেন, 'পোন্নাগিউন দখলের মধ্যে দিয়ে আরাকান আর্মি বার্তা দিলো যে, তারা সিতওয়ের নিয়ন্ত্রণ নেওয়ার মতো যোগ্যতা রাখে। গোষ্ঠীটি যেভাবে এগোচ্ছে, তাতে সিতওয়ের পতন এখন সময়ের ব্যাপার মাত্র।'

ইউরোপীয় রাষ্ট্রদূতদের লাথি মেরে বের করে দেওয়া উচিত: মেদভেদেভ



আপনজন ডেস্ক: ইউরোপীয় ইউনিয়নভুক্ত (ইইউ) রাষ্ট্রদূতদের রাশিয়া থেকে লাথি দিয়ে বের করে দেওয়া উচিত বলে মন্তব্য করেছেন রাশিয়ার নিরাপত্তা পরিষদের ডেপুটি চেয়ারম্যান দিমিত্রি মেদভেদেভ। সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে দেওয়া পোস্টে তিনি এ মন্তব্য করেছেন তিনি।
রুশ বার্তা সংস্থা তাস জানিয়েছে, আসন্ন রুশ প্রেসিডেন্ট নির্বাচনে ইউরোপের দেশগুলো হস্তক্ষেপ করতে পারে–এমন আশঙ্কা থেকে ইউরোপীয় ইউনিয়নের বিভিন্ন দেশের রাষ্ট্রদূতদের আলোচনার জন্য তলব করেছিল রুশ পররাষ্ট্র মন্ত্রণালয়। কিন্তু সংশ্লিষ্ট রাষ্ট্রদূতেরা এ তলবে সাড়া দেননি। এ বিষয়টিকে 'কূটনৈতিক শিষ্টাচার বহির্ভূত' বলে মন্তব্য করেছেন মেদভেদেভ।
নিরাপত্তা পরিষদের ডেপুটি চেয়ারম্যান ও সাবেক রুশ প্রেসিডেন্ট বলেন, 'ইইউর রাষ্ট্রদূতেরা রাশিয়ার পররাষ্ট্রমন্ত্রীর সঙ্গে বৈঠক করতে রাজি হননি। তারা সম্ভবত ব্রাসেলসের (ইউরোপীয় ইউনিয়ন ও ন্যাটোর সদর দপ্তর) পরামর্শেই এ কাজ করেছে।'
এরপর মেদভেদেভ বলেন, 'এ ধরনের কাজ সম্পূর্ণরূপে কূটনৈতিক শিষ্টাচার বহির্ভূত। যারা এ কাজ করেছে, তাদের রাশিয়া থেকে লাথি মেরে বের করে দেওয়া উচিত।'
মেদভেদেভ ইইউ কূটনীতিকদের 'রাজনৈতিক মূর্খ' বলেও আখ্যায়িত করেছেন। তিনি বলেন, 'তারা জানেই না, তাদের কাজ কী।'
এর আগে, গতকাল সোমবার রাশিয়ার কৃষ্ণ সাগর তীরবর্তী শহর সিরিয়াসে অনুষ্ঠিত এক অনুষ্ঠানে লাভরভ বলেন, মস্কো আসন্ন প্রেসিডেন্ট নির্বাচনে 'হস্তক্ষেপ' করার বিরুদ্ধে সতর্ক করার জন্য ইইউ দূতদের 'আমন্ত্রণ' করেছিল। তিনি বলেন, 'আমি কেবল রাষ্ট্রদূতদের বলতে চেয়েছিলাম যে, আমরা এ ধরনের কার্যক্রম না করার সুপারিশ করছি।'

৫০০ মিটার দূরে রাশিয়ার ভয়াবহ হামলা, অল্পের জন্য প্রাণে বেঁচে গেলেন জেলেনস্কি

আপনজন ডেস্ক: ইউক্রেনের ওডেশা নগরীতে রাশিয়ার ক্ষেপণাস্ত্র হামলায় পাঁচজন নিহত হয়েছেন। আর এ ঘটনায় অল্পের জন্য প্রাণে বেঁচে গেছেন ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কি ও গ্রিসের প্রধানমন্ত্রী মিৎসোতাকিস। ওডেসার যে স্থানে রুশ ক্ষেপণাস্ত্র আঘাত হানে, সেখান থেকে মাত্র ৫০০ মিটার দূরেই একটি জায়গায় বৈঠক করছিলেন জেলেনস্কি ও মিৎসোতাকিস।স্থানীয় সময় বুধবার এ হামলা চালায় রাশিয়ান বাহিনী। ইউক্রেনের নৌবাহিনীর মুখপাত্র দিমিত্রো প্লেটেনচুক জানিয়েছেন, ক্ষেপণাস্ত্র হামলায় ৫ জন নিহত হওয়ার পাশাপাশি অনেকে আহত হয়েছেন। হামলায় জেলেনস্কি ও গ্রিসের প্রধানমন্ত্রী কেউই আহত হননি। তবে জেলেনস্কি জানিয়েছেন, তিনি ক্ষেপণাস্ত্র হামলার এতটাই কাছে ছিলেন যে এটির জোরালো শব্দ তিনি শুনতে পেয়েছেন। এ বিষয়ে জেলেনস্কি বলেছেন, আজ আমরা হামলা হতে দেখেছি। বেশ কয়েকজন আহত ও নিহত হয়েছেন। আপনারা দেখেছেন যে কারা এই হামলা করছে। আমাদের দ্রুততার সঙ্গে নিজেদের রক্ষা করতে হবে। আর নিজেদের রক্ষায় সবচেয়ে ভালো উপায় হলো আকাশ প্রতিরক্ষা ব্যবস্থা। আমাদের মিত্রদের উচিত, আমাদের প্রতি আরো বেশি মনোযোগ দেওয়া। এ বিষয়ে গ্রিক প্রধানমন্ত্রী মিৎসোতাকিস বলেন, আমরা যখন আমাদের গাড়িতে উঠছিলাম তখন বিস্ফোরণের বিকট শব্দ শুনতে পাই। এখানে যে সত্যিকার যুদ্ধ চলছে, তার আর প্রমাণের প্রয়োজন নেই। ইউক্রেনীয় নৌবাহিনীর মুখপাত্র দিমিত্রো প্লেটেনচুক জানিয়েছেন, ক্ষেপণাস্ত্র হামলার আগে তিনি প্রেসিডেন্ট জেলেনস্কিকে ওডেসা শহরটি ঘুরিয়ে দেখিয়েছেন। রাশিয়ার হামলায় ওডেসায় ব্যাপক ক্ষয়ক্ষতি হয়েছে।

ছড়িয়ে-ছিটিয়ে

ফিলিস্তিন রাষ্ট্র গঠনে জাতিসংঘের 'পূর্ণ' সদস্যপদ সমর্থন করে চীন

আপনজন ডেস্ক: চীনের শীর্ষ কূটনীতিক বৃহস্পতিবার বলেছেন, বেইজিং ফিলিস্তিন রাষ্ট্র গঠন করতে জাতিসংঘের 'পূর্ণ' সদস্যপদ সমর্থন করে। পররাষ্ট্রমন্ত্রী ওয়াং ই এক সংবাদ সম্মেলনে বলেন, 'আমরা ফিলিস্তিনকে জাতিসংঘের আনুষ্ঠানিক সদস্য হিসেবে সমর্থন করি।' খবর এএফপি'র।
ওয়াং বলেন, 'গাজার বিপর্যয় আবারও বিশ্বকে মনে করিয়ে দিয়েছে যে ফিলিস্তিনি ভূখন্ড যে দীর্ঘকাল ধরে দখল করা হয়েছে তা আর উপেক্ষা করা যাবে না।'
তিনি আরও বলেন,'ফিলিস্তিনি জনগণের দীর্ঘদিনের লালিত আকাঙ্ক্ষা একটি স্বাধীন দেশ প্রতিষ্ঠাকে আর এড়ানো যাবে না এবং ফিলিস্তিনি জনগণের সহ্য করা ঐতিহাসিক অবিচার সংশোধন না করে প্রজন্মের পর প্রজন্ম ধরে সেটি চলতে পারে না।'
গত বছরের অক্টোবরে ইসরাইল-হামাস যুদ্ধ শুরু হওয়ার পর থেকে অবিলম্বে যুদ্ধবিরতির আহ্বান জানিয়ে আসছে বেইজিং। চীন ঐতিহাসিকভাবে ফিলিস্তিনের প্রতি সহানুভূতিশীল ও ইসরায়েল-ফিলিস্তিন সংঘাতের দ্বি-রাষ্ট্র সমাধানের সমর্থনকারী।

নাইজেরিয়ায় ৫০ জনকে অপহরণ

আপনজন ডেস্ক: সন্দেহভাজন ইসলামপন্থী বিদ্রোহীরা চলতি সপ্তাহে উত্তর-পূর্ব নাইজেরিয়ায় ৫০ জনকে অপহরণ করেছে। এদের বেশিরভাগই নারী। স্থানীয় কর্মকর্তা এবং একজন বাসিন্দা বুধবার এ তথ্য জানিয়েছেন। বোকো হারাম এবং ইসলামিক ওয়েস্ট আফ্রিকা প্রভিন্স এর যোদ্ধারা প্রধানত উত্তর-পূর্বের বোর্নো রাজ্যে অভিযান চালিয়েছে। তারা নিরাপত্তা বাহিনী এবং বেসামরিকদের লক্ষ্য করে হামলা চালাচ্ছে। তাদের এই হামলাঅয় কয়েক হাজার মানুষ নিহত ও বাস্তুচ্যুত হয়েছে।
সোমবার সর্বশেষ ঘটনাটি ঘটেছে প্রত্যন্ত গাম্বোরু এলাকায়। এটি চাদ ও ক্যামেরুনের সীমান্তবর্তী এলাকায় অবস্থিত।

সেহেরী ও ইফতারের সময়

সেহেরী শেষ: ভোর ৪.৩১মি.
ইফতার: সন্ধ্যা ৫.৪৮ মি.



নামাজের সময় সূচি

ওয়াক্ত	শুরু	শেষ
ফজর	৪.৩১	৫.৫১
যোহর	১১.৫২	
আসর	৪.০৪	
মাগরিব	৫.৪৮	
এশা	৬.৫৭	
তাহাজ্জুদ	১১.১০	

কার্গো জাহাজে হুথিদের ক্ষেপণাস্ত্র হামলা, নিহত ৩

আপনজন ডেস্ক: ইয়েমেনের দক্ষিণে একটি কার্গো জাহাজে ক্ষেপণাস্ত্র হামলা চালিয়েছে ইরান সমর্থিত বিদ্রোহী গোষ্ঠী হুথি। এতে অন্তত তিন ক্রু নিহত হয়েছেন বলে নিশ্চিত করেছে মার্কিন কর্মকর্তারা। এডেন উপকূলে স্থানীয় সময় সাড়ে ১১টার দিকে জাহাজটিতে হামলা চালানো হয় বলে মার্কিন সামরিক বাহিনী জানায়। বার্বাডোস-পতাকাযুক্ত ট্রু কনফিডেন্স নামে পণ্যবাহী ওই জাহাজটিতে হামলার পরপরই আগুন ধরে যায়।
সংবাদমাধ্যম বিবিসির খবরে বলা হয়েছে, কার্গো জাহাজে হুথিদের হামলার পর প্রথমবারের মতো প্রাণহানির ঘটনা ঘটলো।
মধ্যপ্রাচ্যে অপারেশন তত্ত্বাবধান করা মার্কিন সেন্ট্রাল কমান্ড (সেন্টকম) জানিয়েছে, তিন ক্রু সদস্য নিহত হয়েছেন এবং অন্তত চারজন আহত হয়েছেন। এদের মধ্যে তিনজনের অবস্থা গুরুতর।
সামাজিক মাধ্যমে এক পোস্টে বলা হয়েছে, হুথিদের এই বেপরোয়া আক্রমণ বিশ্ব বাণিজ্যকে ব্যাহত করেছে এবং আন্তর্জাতিক নাবিকদের জীবন নিচ্ছে।
হুথিদের পক্ষ থেকে বলা হয়েছে, গাজায় ইসরায়েল ও হামাসের যুদ্ধে ফিলিস্তিনিদের সমর্থনে তাদের এসব হামলা। এক বিবৃতিতে হুথি বলেছে, জাহাজটির ক্রুরা তাদের দেওয়া সতর্কতা অবজ্ঞা করেছে। যতদিন পর্যন্ত ইসরায়েল গাজায় সংঘাত থামাবে না ততদিন পর্যন্ত জাহাজে হামলা বন্ধ করবে না বলে জানিয়েছে হুথি।

সিরিয়ায় আইএসের হামলা, নিহত ১৮

আপনজন ডেস্ক: সিরিয়ার মরুভূমিতে সন্দেহভাজন ইসলামিক স্টেট (আইএস) গ্রুপের বন্দুকধারীদের হাতে অন্তত ১৮ জন নিহত হয়েছেন। এছাড়া হামলার পর থেকে আরো অর্ধশতাধিক মানুষ নিখোঁজ রয়েছেন। মরুভূমিতে ট্রাফল সংগ্রহের সময় ইসলামিক স্টেটের (আইএস) সন্দেহভাজন হামলায় তারা প্রাণ হারান। সিরিয়ার মরুভূমিতে সন্দেহভাজন ইসলামিক স্টেট (আইএস) গ্রুপের বন্দুকধারীদের হাতে অন্তত ১৮ জন নিহত হয়েছেন বলে একটি পর্যবেক্ষক গোষ্ঠী জানিয়েছে।

ন্যাটো দেশগুলো থেকে বহিষ্কৃত এক হাজারেরও বেশি রুশ কূটনীতিক

আপনজন ডেস্ক: সামরিক জোট ন্যাটোর সদস্য দেশগুলো থেকে বহিষ্কৃত রুশ কূটনীতিকের সংখ্যা এক হাজার ছাড়িয়ে গেছে। বুধবার রুশ পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র মারিয়া জাখারোভা এই তথ্য জানিয়েছেন। সোচিতে প্রেস ব্রিফিংয়ে সংবাদমাধ্যম আনাদোলু এজেন্সির এক প্রশ্নের জবাবে বেলজিয়ামের প্রধানমন্ত্রী আলেকজান্ডার ডি ক্রুর মন্তব্যের বিষয়ে জাখারোভা বলেন, সাম্প্রতিক সময়ে 'শত শত' রাশিয়ান কূটনীতিক বহিষ্কৃত হয়েছে বলে যে মূল্যায়ন তিনি করেছেন তা বেশ 'বিনয়ী'।
তিনি বলেন, কেন তিনি এতো বিনয়ী হচ্ছেন... সাম্প্রতিক বছরগুলোতে (বহিষ্কৃত রুশ কূটনীতিকের সংখ্যা) সম্ভবত হাজারও। এর অর্থ এটি একক কোনো পরিমাণ নয়, তারা (ন্যাটো দেশগুলো) বহিষ্কার করে, আমরা আবার নতুন করে পাঠাই, তারা আবারো ফেরত পাঠায়, বা কেবল ভিসাও দেয় না। আমি মনে করি, এই সংখ্যা ইতোমধ্যে এক হাজারেরও বেশি হয়ে গেছে।
জাখারোভা উল্লেখ করেছেন, কখনো কখনো কূটনীতিকদের কয়েক ডজনকে বহিষ্কার করা হয় এবং ন্যাটোর ৩০ টিরও বেশি সদস্য দেশ রয়েছে তা বিবেচনায় নিলে সংখ্যাটি বড় হয়ে যায়।

NAME CHANGE

I, ROKEYA MOLLA, w/o Late Md Eran Ali Mollah, residing at Vill. Jalalabad, P.O. & P.S. – Chandaneswar, Dist. – South 24 Parganas, Pin - 743330 as per my Aadhar card being no. 792704335109.
That inadvertently my name has wrongly been recorded in my husband's namely Md Eran Ali Mollah, his P.P.F. book vide memo no. P/06457/10, file no. PRI/ALP/00342/2010 as a nominee name Rokeya Begum in place of Rokeya Molla.
Do hereby solemnly affirmed and declared by Affidavit no. 1764 before 1st class Judicial Magistrate, Baruipur on 23.02.2024 That "Rokeya Molla" & "Rokeya Begum" denotes the same and one identical person.

NAME CHANGE

I, RASIDA MOLLA, w/o Late Md Eran Ali Mollah, residing at Vill. Jalalabad, P.O. & P.S. – Chandaneswar, Dist. – South 24 Parganas, Pin - 743330 as per my Aadhar card being no. 847033818533.
That inadvertently my name has wrongly been recorded in my husband's namely Md Eran Ali Mollah, his P.P.F. book vide memo no. P/06457/10, file no. PRI/ALP/00342/2010 as a nominee name Rashida Khatun in place of Rasida Molla.
Do hereby solemnly affirmed and declared by Affidavit no. 1763 before 1st class Judicial Magistrate, Baruipur on 23.02.2024 That "Rasida Molla" & "Rashida Khatun" denotes the same and one identical person.

আপনজন

ইনসাফের পক্ষে নির্ভীক কণ্ঠস্বর

১৯ বর্ষ, ৬৬ সংখ্যা, ২৪ ফাল্গুন ১৪৩০, ২৬ শাবান, ১৪৪৫ হিজরি

অন্ধকার

প্রেসিডেন্ট হিসাবে ক্ষমতা গ্রহণের প্রথম বত্সরে যুক্তরাষ্ট্রের টুইন টাওয়ারে হামলার ২০ বত্সর পূর্তি অনুষ্ঠানে জো বাইডেন একটি ভিডিও-বার্তায় বলিয়াছিলেন–'ঐক্যই আমাদের বড় শক্তি।' ইউনাইটেড তথা ঐক্যবদ্ধ থাকিবার মধ্যেই পুঞ্জীভূত হয় বৃহত্ শক্তি। আমরা যদি মহাবিশ্বের দিকে তাকাই, দেখিতে পাইব সেইখানে রহিয়াছে পুঞ্জীভূত মহাশক্তির মহাসম্মিলন। তাহা ছড়াইয়া রহিয়াছে এই বিশ্বব্রহ্মাণ্ডের প্রতিটি স্তরে। সেইখানে সম্মিলিত পুঞ্জীভূত শক্তি মিলিয়াই তৈরি করিতেছে নক্ষত্র। অর্থাত্ সম্মিলন তথা ঐক্য ব্যতীত কখনোই বড় শক্তি তৈরি হয় না। এইভাবেই এই জগত্ তৈরি হইয়াছে, যাহা অত্যন্ত বৈচিত্র্যময়। এই বৈচিত্র্যের ব্যাপারে গ্রেট অটোম্যান সুলতান সুলেমান দ্য ম্যাগনিফিসেন্ট ষোড়শ শতাব্দীতে বলিয়াছিলেন, 'মহান আল্লাহ ভিন্নতা পছন্দ করেন। তাহা না হইলে এক রঙের ফুলই সৃষ্টি করিতেন; দেখা যাইত সকল জায়গায় একই রঙের পাখি, একই রঙের মানুষ। কিন্তু আমরা একেক জন একেক রকম। কারণ, বিচিত্রতাই সৃষ্টির বৈশিষ্ট্য।'

সুতরাং আমাদের চারিদিকেও ভিন্নতা থাকিবে–ইহাই স্বাভাবিক। ইহাই জগতের নিয়ম। মনে রাখিতে হইবে, নিজের ভাগ্য নিজেকেই গড়িতে হয় এবং তাহা পরিশ্রম করিয়া আদায় করিতে হয়। কোথাও অন্যায়-অবিচার হইলে তাহার বিরুদ্ধে রুখিয়া দাঁড়ানোটাই দস্তুর। সুতরাং সচেতন নাগরিক হিসাবে আমাদেরও কর্তব্য রহিয়াছে অন্যায়-অবিচারের বিরুদ্ধে প্রতিরোধ গড়িয়া তোলা। এই জন্য আমাদের ঐক্যবদ্ধ থাকিতে হইবে। আর ঐক্যের অভাব ঘটিলে কী হইতে পারে–ইহা লইয়া অসংখ্য নীতিগল্প রহিয়াছে। এই ক্ষেত্রে একটি প্রচলিত গল্পের পুনঃপাঠ করা যাক। গল্পটি সংখ্যাবিষয়ক। একবার স্কুলের ক্লাসে 'সংখ্যা-৯' 'সংখ্যা-৮'-কে চাপিয়া ধরিয়া হেনস্তা করিল। সংখ্যা-৮ বলিল–তুমি আমাকে আঘাত করিলে কেন? সংখ্যা-৯ বলিল–আমি বড়, তাই তোমাকে মারিতে পারি। তখন সংখ্যা-৮ জ্যেষ্ঠতার অধিকার লইয়া সংখ্যা-৭-কে মারিল! সংখ্যা-৭ ঘুরিয়া সংখ্যা-৬-কে মারিল! এইভাবে চলিতে চলিতে শেষ পর্যন্ত 'সংখ্যা-২' যখন 'সংখ্যা-১'-কে মারিল 'সংখ্যা-০' (শূন্য) তখন ভাবিল–এইবার তো আমার পালা! আমার চাইতে ছোট কেহ নাই। সে নিরাপত্তার আশায় একটু দূরে গিয়া বসিল। 'সংখ্যা-১' তখন গিয়া '০' (শূন্য)-র বাম পাশে বসিয়া বলিল–আমি তোমাকে মারিব না। শূন্য হইলেও তোমাকে আমি সম্মান করি। কিন্তু ১ গিয়া ০-এর বাম পাশে বসিবার কারণে তাহারা দুইয়ে মিলিয়া হইয়া গেল ১০! অর্থাত্ সকলের চাইতে বড়। এই নীতিগল্পটি বলিয়া দেয়–'ঐক্যবদ্ধ' থাকিলে সকলকে ছাড়াইয়া যাওয়া যায়। সুতরাং আমাদের মধ্যে ঐক্য থাকিতে হইবে। আমরা যদি 'এক' থাকি, তাহা হইলে আমাদের ভাগ্য লইয়া কেহ ছিনিমিনি খেলিতে পারিবে না। আমাদের ধর্মেও পারস্পরিক ঐক্য, মৈত্রী ও সম্প্রীতিকে অত্যন্ত প্রশংসনীয় এবং মানবজাতির জন্য কল্যাণকর বলিয়া মনে করা হয়। সুরা-৯ তওবা, আয়াত-৯২-এ বলা হইয়াছে, 'এই যে তোমাদের জাতি, এই তো একই জাতি আর আমি তোমাদের পালনকর্তা, অতএব তোমরা (ঐক্যবদ্ধভাবে) আমারই ইবাদত করো।'

সুতরাং আমাদের ঐক্যসাধন প্রয়োজন। যেই এলাকায় জনসাধারণ ঐক্যবদ্ধ রহিয়াছে, সেই এলাকার মানুষেরা কাঙ্ক্ষিত উন্নয়নের স্বাদ পাইতেছে। এই জন্য বলা হয়, বিভাজন নহে, ঐক্যই উন্নয়নের সবচাইতে বড় সহায়ক। এই জন্য সকলকে সচেতন হইতে হইবে। মানুষ সচেতন না হইলে অন্ধকার দূর হইবে না। এই জন্য কাজী নজরুল ইসলাম বলিয়াছেন–'আমরা যদি না জাগি মা কেমনে সকাল হবে?'

যুদ্ধবিরতি নিয়ে ছলচাতুরী করছেন জো বাইডেন

সপ্তাহখানেক আগে মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন বলেছিলেন, গাজা যুদ্ধে শিগগিরই 'অস্ত্রবিরতি' হতে যাচ্ছে এবং ৪ মার্চের মধ্যেই তা কার্যকর হবে। নিউইয়র্কে আইসক্রিম খেতে খেতে বাইডেন সাংবাদিকদের বলেছিলেন, 'আমার জাতীয় নিরাপত্তা উপদেষ্টা আমাকে বলেছেন, আমরা যুদ্ধবিরতি চুক্তি করার খুব কাছাকাছি আছি।' লিখেছেন **ফিলিস বেনিস**।

সপ্তাহখানেক আগে মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন বলেছিলেন, গাজা যুদ্ধে শিগগিরই 'অস্ত্রবিরতি' হতে যাচ্ছে এবং ৪ মার্চের মধ্যেই তা কার্যকর হবে। নিউইয়র্কে আইসক্রিম খেতে খেতে বাইডেন সাংবাদিকদের বলেছিলেন, 'আমার জাতীয় নিরাপত্তা উপদেষ্টা আমাকে বলেছেন, আমরা যুদ্ধবিরতি চুক্তি করার খুব কাছাকাছি আছি।'

বাইডেন যে আইসক্রিম খাচ্ছিলেন, সেটি মিষ্টি থাকুক না থাকুক; গাজার ধ্বংসযজ্ঞ বন্ধে তাঁর প্রকৃত অবস্থান যে মোটেও মিষ্টি ছিল না, তা বোঝা যাচ্ছে। বাইডেনের বক্তব্যের পরপরই তাঁর প্রশাসনের একজন জ্যেষ্ঠ কর্মকর্তা বলেছিলেন, সাময়িকভাবে যুদ্ধ স্থগিত করার প্রস্তাব ইসরায়েল 'মৌলিকভাবে সম্মত হয়েছে'। কিন্তু ৪ মার্চ পর্যন্ত ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহু এবং ইসরায়েলের গোয়েন্দা সংস্থা মোসাদের পরিচালক কায়রোয় শান্তি আলোচকদের পাঠাতে অস্বীকার করেছে। অথচ কায়রোতেই হামাসের সঙ্গে শান্তি আলোচনা চলমান রয়েছে। অস্থায়ী যুদ্ধবিরতির পথ খুঁজে বের করার বিষয়ে অগ্রগতি দাবি করার বিষয়ে বাইডেন প্রশাসনের আগ্রহ ইঙ্গিত দেয়, তারা অবিলম্বে যুদ্ধবিরতি ও গাজায় ইসরায়েলি গণহত্যার অবসানের বিষয়ে কী পরিমাণ বৈশ্বিক ও অভ্যন্তরীণ চাপ অনুভব করছে।

একই সঙ্গে রাফাহ এলাকায় জড়ো হওয়া শরণার্থীদের ওপর নতুন হামলা ঠেকানো, গাজা অবরোধের অবসান এবং তাৎক্ষণিকভাবে ব্যাপক মাত্রার মানবিক সহায়তার অবাধ ব্যবস্থার বিষয়েও চাপে আছে বাইডেন প্রশাসন।

৪ মার্চের মধ্যে যুদ্ধবিরতি কার্যকরের আশা নিরর্থক হয়েছে। এখন ১০ মার্চ শুরু হতে যাওয়া পবিত্র রমজানের শুরু থেকে তা কার্যকরের আশা করা হচ্ছে। কিন্তু বাস্তবতা হলো, এখনো সে ধরনের অস্ত্রবিরতির চুক্তি অধরা রয়ে গেছে। সংবাদমাধ্যমে প্রকাশিত খবরগুলো ইঙ্গিত দিচ্ছে, বাইডেন কাতার এবং মিসরের নেতাদের বলেছেন, যুদ্ধবিরতির বিষয়ে তিনি ইসরায়েলের ওপর চাপ দিয়ে যাচ্ছেন। তবে ইসরায়েলের ওপর বাইডেন চাপ দিচ্ছেন বলে যে দাবি করা হচ্ছে, তার বিশ্বাসযোগ্যতা ক্রমেই ফিকে হয়ে যাচ্ছে। কারণ, জাতিসংঘের নিরাপত্তা পরিষদে যতবার যুদ্ধবিরতি প্রস্তাব উঠেছে, ততবারই যুক্তরাষ্ট্র তাতে ভেটো দিয়েছে। সর্বশেষ গত ২০ ফেব্রুয়ারি নিরাপত্তা পরিষদে আরব গ্রুপের পক্ষ থেকে আলজেরিয়া যুদ্ধবিরতির প্রস্তাব তুলেছিল। সেই প্রস্তাবে বেসামরিক লোকদের ওপর ইসরায়েলের সব ধরনের হামলা এখনই বন্ধের প্রস্তাব করেছিল। কিন্তু যুক্তরাষ্ট্র তাতে ভেটো দেয়। শুধু তা-ই নয়, গাজায় বেসামরিক লোকদের ওপর হামলা চালানোর জন্য যুক্তরাষ্ট্র এখনো ধারাবাহিকভাবে অর্থ এবং অস্ত্র সমানতালে দিয়ে যাচ্ছে।

জাতিসংঘে নিযুক্ত বাইডেনের দূত লিন্ডা টমাস গ্রিনফিল্ড আলজেরিয়ার প্রস্তাবের বিরুদ্ধে অনাস্থা ভোট দেওয়ার পাশাপাশি যুক্তরাষ্ট্রের পক্ষ থেকে সেখানে বিকল্প একটি প্রস্তাবের খসড়া পেশ করেছেন। তিনি দাবি করেন, তাঁর পেশ করা খসড়া প্রস্তাবটিও অস্ত্রবিরতিকে সমর্থন করে।

কিন্তু যুক্তরাষ্ট্রের পেশ করা প্রস্তাবে ফিলিস্তিনে ইসরায়েলের গণহত্যা চালানো অবিলম্বে বন্ধ করা কিংবা স্থায়ী যুদ্ধবিরতির কোনো আহ্বান নেই। সে প্রস্তাবে রাফায় ইসরায়েলি আক্রমণে বাধা দেওয়ার কথা নেই। গাজায় ইসরায়েলি অবরোধের অবসান ঘটানোর কথা নেই।

মার্কিন খসড়ার অনুচ্ছেদগুলোতে বাইডেন প্রশাসনের প্রকৃত উদ্দেশ্য উঠে এসেছে। ইসরায়েলের হামলা চালিয়ে যাওয়া এবং অস্ত্রবিরতি হলেও তা সীমিত সময়ের জন্য করাকে সমর্থন দেওয়ার বিষয়টি তাদের খসড়ায় উঠে এসেছে। মার্কিন প্রস্তাবটি গাজার বিরুদ্ধে ইসরায়েলি গণহত্যার যুদ্ধের সমাপ্তিকে মাথায় রেখে কিংবা কায়রোতে চলমান আলোচনায় অস্ত্রবিরতি চুক্তি সম্পাদনের কথা মাথায় রেখে ডিজাইন করা হয়নি। মার্কিন খসড়ার অনুচ্ছেদগুলোতে বাইডেন প্রশাসনের প্রকৃত উদ্দেশ্য উঠে এসেছে। ইসরায়েলের হামলা চালিয়ে যাওয়া এবং অস্ত্রবিরতি হলেও তা সীমিত সময়ের জন্য করাকে সমর্থন দেওয়ার বিষয়টি তাদের খসড়ায় উঠে এসেছে। মার্কিন খসড়া প্রস্তাবে 'যুদ্ধবিরতি' শব্দটি ব্যবহার করা হয়েছে, যদিও হোয়াইট হাউস কয়েক মাস ধরে ইসরায়েলের ধ্বংসযজ্ঞ চালানোর পরও একবারও ইসরায়েলকে বোমাবর্ষণ বন্ধ করতে বলেনি। এই খসড়ায় তারা 'যত দ্রুত সম্ভব' যুদ্ধবিরতিতে পৌঁছানোর কথা বলেছে। কিন্তু সুনির্দিষ্ট করে কোনো তারিখ বা সময় উল্লেখ করেনি। সেখানে স্থায়ী কোনো যুদ্ধবিরতির কথাও বলা হয়নি।

অর্থাৎ একটি ধোঁয়াশাপূর্ণ ভাষায় প্রস্তাবটি তৈরি করা হয়েছে, যা প্রকারান্তরে ইসরায়েলকে তার গণহত্যা অনির্ধারিত সময় পর্যন্ত চালিয়ে যেতে সমর্থন দেবে।

ফিলিস বেনিস ওয়াশিংটন ডিসিতে ইনস্টিটিউট ফর পলিসি স্টাডিজের ফেলো

আল-জাজিরা থেকে নেওয়া, ইংরেজি থেকে সংক্ষিপ্ত আকারে অনূদিত

যুব সমাজের অবক্ষয় রুখতে মোবাইলে গেম খেলায় লাগাম চাই



সাকলাইন হোসেন

মানুষ যদি নিজে নিজেকে খুঁজে না পায়, নিজেকে আবিষ্কার করতে না পারে যে এই পৃথিবীতে আমাদের আগমন কেন, না জানলে সত্যি বলতে কী একটা জাতি বা গোষ্ঠীর মধ্যে কখনো প্রতিভার বিকাশ ঘটতেই পারবে না। আমাদের প্রতিটি মানুষের মধ্যে এমন কিছু গুণ রয়েছে, সেই গুণগুলো যদি নিজেরাই খুঁজে বের করতে পারি তবে একটা জাতির প্রবর্তন হতে সময় লাগে না।

সেদিন আমি আমার বাড়ির চারদিক সহ পুরো গ্রাম ঘুরে দেখলাম। কত ঘন জনবসতি পুকুরগুলো শুকিয়ে যাচ্ছে!! কষ্টই লাগল দেখে কোনো সম্ভাবনা নেই। সম্মান এবং সুস্থভাবে বেঁচে থাকার কেন জানি চেষ্টাই নাই কারোর মধ্যে!!

সবাই কষ্ট ছাড়া অর্জনে বিশ্বাসী হয়ে যাচ্ছে। সমাজ নষ্ট হয়ে যাচ্ছে। এর দায় কার বুঝতে পারছি না। আগে বাদল সাহেব বেঁচে থাকতে এলাকায় ছেলেরা খেলাধুলা নিয়ে মত্ত ছিল। অথচ এখন রাস্তায় বসে, ঘরে বসে সর্বক্ষেত্রে জুয়ার আড্ডা, সহজে রোজগার করা শিখে যাচ্ছে। কোনো ভালো কাজ শিক্ষণীয় কাজের প্রতি কারোর ভ্রুক্ষেপও নেই। একটা স্মার্টফোন হলেই হবে আর যেন কিছু চাই না। জীবনের সব পাওনা একটি স্মার্টফোনের মধ্যেই আটকে গিয়েছে!!

আমাদের সন্তানেরা কী দিয়ে বা কী বুঝে সমাজের আদর্শ মানুষ হবে সেটা আসলে বলতে পারছি না। ডিজিটাল বাংলাদেশ এত অব্যবস্থার মধ্য দিয়ে সামনের দিকে এগোচ্ছে, যা কিনা ভয়ংকর!! আগামী প্রজন্মের সম্ভাবনার দিক একেবারেই নষ্ট হতে চলেছে!! শুধু টাকার জন্য, ছেলেমেয়ে স্মার্টফোন দিয়ে 'জুয়া' খেলছে সহজ পদ্ধতিতে টাকা উপার্জনের জন্য। শরীর ও মেধার বিকাশ একেবারেই শূন্যের কোঠায় গিয়ে দাঁড়াতে খুব বেশি দিন লাগবে না।

বাড়ির পুকুর শুকিয়ে যাবে। গাছপালার পরিচ্ছন্নতা থাকবে না। ড্রেনগুলো বালি, গাছের পাতা, রাস্তার ময়লা জমে জমে ভরাট হয়ে যাবে!! ডোবাগুলো নোংরা আবর্জনায় ভরাট হয়ে যাবে। দূষণমুক্ত বাংলা গড়ার কারিগর যারা হবে সবাই আফিমের খোঁজ পেয়েছে। তাই অলস হয়ে যাচ্ছে দিন দিন। মাওসেতুংয়ের মতো নেতৃত্ব লাগবে যেন আমাদের ভবিষ্যৎ প্রজন্মকে এই জুয়ার ঘোর হতে বের করে আনতে পারে। কীসের ক্রিকেট কিসের ফুটবল সব জায়গায় অন্তর্ভুক্ত হয়েছে জুয়া আর জুয়া। যুব সমাজ চরম অবক্ষয়ের দিকে এগাচ্ছে।

আধুনিক বিজ্ঞানের যুগে এই যুব সমাজের লাগাম ধরতে না পারলে আমাদের সন্তানেরা আঁতুড় ঘরেই মুখ থুবড়ে বিকলাঙ্গ হয়ে পৃথিবীতে থাকবে। বিশেষ করে সমাজের সকল স্তরের মানুষদের যে কোনও ধরনের বিপথে পরিচালিত করার কাজকে বিরত করতে হবে। তবেই জীবনে সাফল্য আসবে।

মোবাইলে গেম খেলার নামে অনলাইন জুয়ার আসক্তি থেকে রেহাই না করলে আমাদের পরিবার, সকলের পরিবার তথা সমস্ত দেশকে রক্ষা করতে হলে আর সময় নেওয়া যাবে না। এর একটা বিকল্প পথ খুঁজতে হবে। তবে, মানুষ শান্তি পাবে। আমাদের পশ্চিমবাংলার বাঙালি সমাজ পরিত্রাণ পাবে।

মার্কিন আধিপত্য এবার সত্যিই হুমকিতে

মাইকেল ইগনাটিফ

উক্রেনের হাতে যে গোলাবারুদ আছে, তা দিয়ে তারা আর বড়জোর এক মাস যুদ্ধ চালাতে পারবে। কিন্তু মার্কিন কংগ্রেস তাদের আরও অস্ত্র সরবরাহের বিষয়ে এখনো রাজি হতে পারেনি। অন্যদিকে রাশিয়ার বিরোধী নেতা অ্যালেক্সি নাভালনি জেলখানায় মারা গেছেন। গাজায় গণহারে মানুষ হত্যা বন্ধের কোনো লক্ষণ দেখা যাচ্ছে না।

ইয়েমেনের হুতিরা লোহিত সাগরে ইসরায়েলের সঙ্গে সম্পর্ক থাকা জাহাজগুলোতে হামলা চালিয়ে যাচ্ছে। উত্তর কোরিয়া আন্তমহাদেশীয় ক্ষেপণাস্ত্র পরীক্ষা চালাচ্ছে।

এ বিষয়গুলো হতাশাবাদকে বাস্তবসম্মত করে তুলছে। ১৯৪৫ সালের পর আন্তর্জাতিক আইন অনুযায়ী লেখা, জাতিসংঘের অনুসমর্থন দেওয়া যে বিশ্বব্যবস্থার সূচনা হয়েছিল, তা আজ সুতায় ঝুলছে।

যুক্তরাষ্ট্র নিজেই নিজের নীতির ব্যাপারে বিভক্ত হয়ে পড়েছে। ইউরোপ এখন এই আশঙ্কায় ভুগছে যে আসন্ন নভেম্বর নাগাদ আমেরিকা ন্যাটো চুক্তির ৫ নম্বর অনুচ্ছেদ মেনে তার সম্মিলিত-প্রতিরক্ষা বাধ্যবাধকতাগুলো পূরণ করতে পারবে না।

এই নতুন অনিশ্চয়তার মুখোমুখি হয়ে ইউরোপ তার প্রতিরক্ষা সরঞ্জামের উৎপাদন বাড়াচ্ছে। ইউরোপীয় রাজনীতিবিদেরা তাঁদের ভোটারদের বোঝাচ্ছেন, নিজেদের নিরাপত্তা নিশ্চিত করতে তাঁদের প্রতিরক্ষা খরচ জিডিপির ২ শতাংশ পর্যন্ত বাড়াতে হবে।

পশ্চিমা জোট শুধু যে আটলান্টিক অঞ্চলজুড়ে ঐক্য বজায় রেখে প্রতিরক্ষা খরচ দ্বিগুণ করার চ্যালেঞ্জের মুখে পড়েছে, তা নয়। এই জোট এখন এমন একটি 'প্রতিরোধ চক্রের' মুখোমুখি হয়েছে, যা একযোগে একটি সমন্বিত চ্যালেঞ্জ হয়ে পশ্চিমা আধিপত্যকে হুমকিতে ফেলে দিয়েছে।

এই প্রতিরোধ চক্রের মূল চালিকা শক্তি হলো রাশিয়া-চীনের 'সীমাহীন' অংশীদারি। এই অংশীদারির অংশ হিসেবে চীনারা রাশিয়ানদের তাদের অস্ত্র ব্যবস্থার জন্য উন্নত সার্কিট সরবরাহ করছে। বিনিময়ে রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন চীনে সস্তায় তেল পাঠাচ্ছেন।

এই দুই শক্তি এক হয়ে ইউরেশিয়ার বেশির ভাগ অংশে স্বৈরাচারী শাসন চাপিয়ে দিচ্ছে।

যদি ইউক্রেনের ক্লান্ত সেনাদের ক্রিমিয়া ও দনবাস অঞ্চলের ওপর রাশিয়ার সার্বভৌমত্ব স্বীকার করতে বাধ্য করা হয়, তাহলে ইউরেশীয় স্বৈরাচারদের অক্ষ শক্তি ইউরোপীয় স্থলসীমানা পরিবর্তন করে ফেলতে সফল হবে।

এই অবস্থা তৈরি হলে তা ইউরেশিয়ার প্রান্তের প্রতিটি রাষ্ট্র (তাইওয়ান, বাল্টিক দেশগুলো এবং এমনকি পোল্যান্ড) হুমকিতে পড়ে যাবে। চীন ও রাশিয়া–উভয় স্বৈরাচারী শাসনব্যবস্থাই জাতিসংঘের নিরাপত্তা পরিষদে তাদের ভেটো ব্যবহার করে অন্য স্বৈরাচারীদের বিজয় অনুমোদন করবে এবং কার্যকরভাবে জাতিসংঘ সনদকে ইতিহাসের আস্তাকুঁড়ে ছুড়ে ফেলবে।

এই দুই স্বৈরশাসকের অংশীদারি ইরান এবং উত্তর কোরিয়ার নেতৃত্বে মানবাধিকার লঙ্ঘনকারী অন্যান্য গোষ্ঠীর গুচ্ছ-শক্তির সঙ্গে মিলেমিশে কাজ করে। উত্তর কোরিয়ানরা পুতিনকে কামানের গোলা সরবরাহ করছে এবং ইত্যবসরে তারা তাদের উপদ্বীপের বাকি অংশে আক্রমণ করার পরিকল্পনা করছে।

ইরানিরা এমন ড্রোন তৈরি করছে যা পরিখায় অবস্থানরত ইউক্রেনীয়দের মনে আতঙ্ক ধরিয়ে দিচ্ছে।

অন্যদিকে ইরানের প্রক্সিশক্তি হামাস, হিজবুল্লাহ ও হুতিরা আমেরিকা ও ইসরায়েলের স্বার্থে আঘাত হেনে রাশিয়া ও চীনকে সাহায্য করছে।

যদি যুক্তরাষ্ট্র ইসরায়েলকে দীর্ঘমেয়াদি যুদ্ধবিরতিতে আসতে বাধ্য করতে না পারে, তাহলে যুক্তরাষ্ট্রকে তিনটি ফ্রন্টে (এশিয়া, ইউরোপ এবং মধ্যপ্রাচ্য) সংঘাত নিয়ন্ত্রণের লড়াইয়ে ব্যস্ত থাকতে হবে। কর্তৃত্ববাদী হুমকির বিরুদ্ধে বিশ্বের অন্যান্য গণতন্ত্র আমেরিকা এবং ইউরোপের সঙ্গে এক হয়ে লড়াই করবে–এই ধারণাকে এখন একটি বিভ্রম বলে মনে হচ্ছে। বৈশ্বিক উত্তরের আক্রান্ত গণতন্ত্রের সঙ্গে যোগ দেওয়ার বদলে বৈশ্বিক দক্ষিণের গণতন্ত্র (ব্রাজিল, ভারত ও দক্ষিণ আফ্রিকা) দমন পীড়নকারী চীন ও রাশিয়ার সঙ্গে গাঁটছড়া বাঁধতে অস্বস্তি বোধ করছে না।

নিশ্চিতভাবে বলা যায়, কর্তৃত্ববাদী চক্রটি বর্তমানে কেবলমাত্র একটি শক্তির বিরোধিতায় এক হয়েছে। সেটি হলো, আমেরিকান শক্তি। এই ইস্যুর বাইরে তারা নিজ নিজ স্বার্থের প্রশ্নে গভীরভাবে বিভক্ত। উদাহরণস্বরূপ, হুতিরা লোহিত সাগরের মধ্য দিয়ে মালবাহী জাহাজ চলাচলে বাধা দিচ্ছে–এতে চীনারা আনন্দিত হতে পারে না। বিশ্বের দ্বিতীয় শক্তিশালী অর্থনীতির চীনের সঙ্গে দরিদ্র মুসলিম ধর্মতান্ত্রিক ইরানের আদর্শিক মিল নেই।

তদুপরি, মার্কিন জোট দ্বারা টিকে থাকা বৈশ্বিক অর্থনীতির পরজীবী সুবিধাভোগী হলো রাশিয়া এবং চীন।

এ কারণেই তারা এখনো মার্কিন আধিপত্যকে সরাসরি চ্যালেঞ্জ করতে দ্বিধাবোধ করে। তবে হাঙরের মতো তারা পানিতে রক্তের গন্ধ পায়।

এই দুই দেশ মার্কিন নিষেধাজ্ঞা থেকে শুধু টিকে থাকেনি বরং তারা লাতিন আমেরিকা, এশিয়া এবং ভারতে নতুন বাজার সৃষ্টি করে উন্নতি অব্যাহত রেখেছে। রাশিয়া এবং চীন উভয়ই আবিষ্কার করেছে যে বৈশ্বিক অর্থনীতিতে আমেরিকার নিয়ন্ত্রণ আগের মতো নেই।

এ কারণে তারা বেপরোয়া হয়ে উঠছে এবং সত্যিকার অর্থেই মার্কিন আধিপত্যকে বিশ্বাসযোগ্যভাবে চ্যালেঞ্জের মুখে ফেলে দিয়েছে।

মাইকেল ইগনাটিফ ভিয়েনার সেন্ট্রাল ইউরোপিয়ান ইউনিভার্সিটির ইতিহাসের অধ্যাপক ও রেক্টর ইমেরিটাস

ইংরেজি থেকে সংক্ষিপ্ত অনুবাদ

প্রথম নজর

হিলি কলেজে বাংলা ভাগ নিয়ে সেমিনার

অমরজিৎ সিংহ রায় ● বালুরঘাট
আপনজন: বাংলা ভাগের ওপর একটি এক দিবসীয় সেমিনার তথা আলোচনাচক্র অনুষ্ঠিত হল দক্ষিণ দিনাজপুর জেলার হিলি ব্লকের অন্তর্গত এসবিএস গভর্নমেন্ট কলেজে। মূলত কলেজের ইংরেজি বিভাগ দ্বারা আয়োজিত এই সেমিনারের মূল থিম ছিল - 'বেঙ্গল ডিভাইডেড: সিটিজেনশিপ, মেমোরি অ্যান্ড রিপ্রেজেন্টেটেশন'।
এই সেমিনারে মূল বক্তা তথা রিসোর্স পার্সন হিসেবে উপস্থিত ছিলেন নেতাজি সুভাষ মুক্ত বিশ্ববিদ্যালয়ের ইংরেজি বিভাগের অধ্যাপক হিমাদ্রী লাহিড়ী ও অধ্যাপক শ্রীদীপ মুখার্জি এবং রায়গঞ্জ বিশ্ববিদ্যালয়ের ড. অরিত্র মুন্সী। এছাড়াও আলোচনায় অংশগ্রহণ করেন বঙ্গরত্ন অমূল্য রতন বিশ্বাস, টিচার্স কাউন্সিল সেক্রেটারি প্রশান্ত ঘোষ, নেতাজি মুক্ত বিশ্ববিদ্যালয়ের স্টাডি সেন্টার কো-অর্ডিনেটর ড.অভিজিৎ সরকারসহ অন্যান্য অধ্যাপক-অধ্যাপিকাগণ। পাশাপাশি দুজন গবেষক অর্ণব চক্রবর্তী ও দেবত্তমা ঘোষ গবেষণাপত্র পাঠ করেন। উক্ত সেমিনারে ছাত্র-ছাত্রীদের উপস্থিতি ও অংশগ্রহণ ছিল উল্লেখযোগ্য। এই প্রসঙ্গে কলেজের বিভাগীয় প্রধান তথা আইকিউএসি কো-অর্ডিনেটর ড.আয়ুষ্মান চক্রবর্তী বলেন- 'বিভাগের অপর দুই অধ্যাপক ড. সৌম্য কান্তি মন্ডল ও ত্রিদীপ পন্ডিতের সহযোগিতায় আমরা ইংরেজি বিভাগে এই প্রথম একটি সেমিনার আয়োজন করতে পারলাম যা ছিল মূলত মাল্টিডিসিপ্লিনারি। সেমিনারের আলোচনায় আমরা সকলে সমৃদ্ধ হয়েছি।

নজরুল ফাউন্ডেশনের সাংস্কৃতিক অনুষ্ঠান

মোল্লা মুয়াজ ইসলাম ● বর্ধমান
আপনজন: বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের জন্মভূমি কবিতীর্থ চুরুলিয়ার দোলনচাঁপা নজরুল ফাউন্ডেশন এর তরফ থেকে কলকাতার রবীন্দ্র সদনে আয়োজিত হল মাইকেল মধুসূদন দত্ত ,বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলাম ও সলিল চৌধুরীর ১০০ বছর শ্রদ্ধাঞ্জলি। তাদের প্রতি সম্মান জানানোর জন্য আয়োজিত হয় সাংস্কৃতিক অনুষ্ঠান। নাচ গান কবিতা সহ বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা হয়। এই মঞ্চ থেকে বহু বিশিষ্ট ব্যক্তিত্ব থেকে সম্মাননা জানানো হয়। পূর্ব বর্ধমানের বিশিষ্ট সাংবাদিক লেখক গবেষক মোল্লা শফিকুল ইসলামকে রাজ্যের অন্যতম সেরা সাংবাদিক হিসেবে সম্মাননা জানানো হয়। দোলনচাঁপা নজরুল ফাউন্ডেশন এর কর্ণধার সোনালী কাজী বলেন বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের আদর্শে উদ্বুদ্ধ হয়ে তারা রাজ্যের বিভিন্ন প্রান্তে এরকম সাংস্কৃতিক অনুষ্ঠান করে থাকেন। বিভিন্ন সংস্থার দ্বারা তারা সাংস্কৃতিক অনুষ্ঠান করে সাধারণ মানুষের মনোরঞ্জন করার চেষ্টা করেন। তারা আন্তর্জাতিক কবিতা উৎসবে সব্যসাচীর পুরস্কার ঘোষণা করেন।
বাইশটা সংস্থা রবীন্দ্র সদনে অংশগ্রহণ করেন।অনুষ্ঠানে অতিথি হিসাবে উপস্থিত ছিলেন কবি আরণ্যক বসু ,জয়দীপ চট্টপাধ্যায় ,সেলিম দুরানি বিশ্বাস ,কেতকী প্রসাদ রায় ,মধুছন্দা তরফদার ,কেতকী মির্জা সহ রাজ্যের নানা প্রান্ত থেকে অসংখ্য কবি সাহিত্যিক বুদ্ধিজীবী ও সাংস্কৃতিক মানুষজন ।মানুষের মানুষের স্বতঃস্ফূর্ত উপস্থিতিতে কানায় ভরে উঠে রবীন্দ্র সদন । অনুষ্ঠান শেষ হয় জাতীয় সংগীতের মাধ্যমে । জাতীয় সংগীত পরিবেশন করেন বিদ্রোহী কবি কাজী নজরুল ইসলামের নাতনি সোনালি কাজী সহ অন্যান্যরা।

আইনি সচেতনতা শিবির সিউড়িতে

সেখ রিয়াজুদ্দিন ● বীরভূম
আপনজন: ৮ ই মার্চ আন্তর্জাতিক নারী দিবসকে সামনে রেখে বীরভূম জেলা আইনী পরিষেবা কতৃপক্ষের উদ্যোগে বৃহস্পতিবার জেলার দুটি উচ্চ বিদ্যালয়ে পৃথক পৃথক ভাবে আইনী সচেতনতা শিবির অনুষ্ঠিত হয়।প্রথমে সিউড়ি আর টি গার্লস স্কুল এবং পরে কড়িধ্যা বিদ্যনিকেতনে পাঠরত পড়ুয়াদের নিয়ে সচেতনতা শিবির দুটি অনুষ্ঠিত হয়। এদিন মূলত আন্তর্জাতিক নারী দিবসের প্রেক্ষাপটে "নারী ও শিশুদের আইনি অধিকার" সংক্রান্ত বিষয়ে বিভিন্ন দিক নিয়ে আলোকপাত করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জেলা আইনি পরিষেবা কর্তৃপক্ষের সচিব সুপর্না রায়, আর টি গার্লস স্কুলের প্রধান শিক্ষিকা কৃষ্টিনা মাড্ডি , কড়িধ্যা বিদ্যনিকেতনের প্রধান শিক্ষিকা সুজাতা দাস সাহা, পার্শ্ব আইনি সহায়ক মহম্মদ রফিক সহ অন্যান্য শিক্ষিকাবৃন্দ।

মোবাইল টাওয়ার বসানো ঘিরে চরম উত্তেজনা বালুরঘাটে

অমরজিৎ সিংহ রায় ● বালুরঘাট
আপনজন: মোবাইল টাওয়ার বসানো ঘিরে উত্তেজনা বালুরঘাট সাহেব কাছারি পাড়া এলাকায়। খবর ঘটনাস্থলে আসে বালুরঘাট থানার পুলিশ। জানা গিয়েছে, সাহেব কাছারি পাড়া এলাকায় একটি বাড়িতে মোবাইলের টাওয়ার বসানো হচ্ছিল। স্থানীয় বাসিন্দাদের অভিযোগ, তারা বাড়ির মালিক কে অনেকবার জানিয়েছিলেন যাতে এলাকায় মোবাইলের টাওয়ার বসানো না হয়। সেই অভিযোগ অগ্রাহ্য করে বৃহস্পতিবার ওই বাড়ির মালিক মোবাইল টাওয়ার বসাতে গেলে এলাকাবাসী জড়ো হয়ে ওই বাড়ির সামনে বিক্ষোভ দেখাতে থাকে। এরপর খবর দেওয়া হয় বালুরঘাট থানার পুলিশকে। বালুরঘাট থানার পুলিশ ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।
এ বিষয়ে বাড়ির মালিক দেবাশীষ সরকার জানান, 'সম্পূর্ণ ঈর্ষা থেকে

এই কাজ বন্ধ করে দেয়া হচ্ছে। আমার কাছে টাওয়ার বসানোর যথাযথ অনুমতি পত্র রয়েছে।' অন্যদিকে এ বিষয়ে এলাকার এক বাসিন্দা বিদ্যুৎ কর্মকার জানান, 'আমাদের এলাকার অন্য একটি বাড়িতে এই টাওয়ার বসানোর সময় ওই ব্যক্তি নিজে বাধা দিয়েছিলেন। অথচ আজ তিনি নিজের বাড়িতেই টাওয়ার বসাচ্ছেন। অনুমতি থাকলেও আমরা এলাকার বাসিন্দারা সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত নিয়েছি এখানে টাওয়ার বসাতে দেব না। প্রয়োজনে আমরা উর্দ্ধতন কর্তৃপক্ষকে সম্মিলিতভাবে আবেদন জানাবো যাতে এখানে টাওয়ার বসাতে দেওয়া না হয়। আমরা শুনেছি এই টাওয়ারের ক্ষতিকারক রে থেকে শারীরিক নানা সমস্যা হওয়ার সম্ভাবনা থাকে।'

ইমাম ও মুয়াজ্জিন সমিতির সভা ও ব্লক কমিটি গঠন চাকুলিয়াতে

মুহাম্মদ জাকারিয়া ● চাকুলিয়া
আপনজন:অল ইন্ডিয়া ইমাম অ্যাসোসিয়েশনের রাজ্য সভাপতি মুহাম্মদ বাকীবিল্লাহ মোল্লার নির্দেশে ও অ্যাসোসিয়েশনের উত্তরবঙ্গের আহ্বায়ক ডা. বাশির উদ্দিনের উদ্যোগে উত্তর দিনাজপুর জেলার চাকুলিয়া বিধানসভা তথা গোয়ালপখর ২ নম্বর ব্লকের বেলোন পঞ্চায়েতের গোহাররা ঝারবাড়ীতে অল ইন্ডিয়া ইমাম ও মুয়াজ্জিন অ্যাসোসিয়েশনের সাংগঠনিক আলোচনা সভা ও গোয়ালপখর ২ নম্বর ব্লক কমিটি গঠন করা হয় বৃহস্পতিবার।
এদিন সভাপতির দায়িত্ব পান মুজাম্মিল হক ও সম্পাদকের দায়িত্ব পান মাসউদ রেজা এছাড়াও পূর্নাঙ্গ কমিটি গঠন করা হয়।
অ্যাসোসিয়েশনের জেলা সভাপতি মোহাম্মদ আশির উদ্দিন জানান এই সংগঠনের কাজ হলো ইমাম ও মুয়াজ্জিনদের দুঃখ দুর্দশা দূর করা।

তিনি আরও জানান যতক্ষন না পর্যন্ত কমিটি গঠন হচ্ছে ততক্ষণ পর্যন্ত সাধারণ মানুষের দুঃখ দুর্দশার কথা জানা সম্ভব হচ্ছে না। আগামী দিনে এই সংগঠন একত্রিত হয়ে শুধু ইমাম, মুয়াজ্জিনদের জন্য ই নয় সঙ্গে হিন্দু, মুসলিম, খ্রিস্টান, দলিত সমস্ত জাতিদের নিয়ে একই প্লাটফর্মে এসে শান্তির বার্তা প্রতিষ্ঠা করবে যতে সবাই একসঙ্গে পশ্চিম বাংলায় থাকতে পারে।
এছাড়া তিনি অভিযোগ জানান কোন একটি দল এসে মসজিদ ভেঙে মন্দির এবং মন্দির ভেঙে মসজিদ করছে এছাড়া আর কোনো উন্নয়ন করছে না।
এদিন উপস্থিত ছিলেন অ্যাসোসিয়েশনের জেলা সভাপতি মোহাম্মদ আশির উদ্দিন, সহ সভাপতি আবদুল মুস্তাফা, জেলা কমিটির সদস্য সাইদুর রহমান সহ আরও অনেকেই।

নাবাবিয়ায় ছাত্রছাত্রীদের কেরিয়ার কাউন্সেলিংয়ে নয়া পথের দিশা

নিজস্ব প্রতিবেদক ● হুগলি
আপনজন: হুগলি জেলার খানকুলের মাইনান গ্রামের নাবাবিয়া মিশনে ছাত্রছাত্রীদের নিয়ে এক মনোজ্ঞ কেরিয়ার কাউন্সেলিং অনুষ্ঠিত হল বৃহস্পতিবার। নাবাবিয়া মিশনের সাধারণ সম্পাদক সেখ সাহিদ আকবারের পৌরহিত্যে এদিনের কেরিয়ার কাউন্সেলিংয়ে। তিনি বলেন, এই কাউন্সেলিংয়ের উদ্দেশ্যে হল, শুধু একজন ছাত্রছাত্রীকে শুধু স্কুলের পাঠ দিয়েই কর্তব্য শেষ নয়, তারা যেন মাধ্যমিক, উচ্চমাধ্যমিক শেসে নিজেদের উচ্চ শিক্ষার মাধ্যমে নিজেদেরকে প্রতিষ্ঠত করতে পারে। বিশেষ করে, যারা ডাক্তার, ইঞ্জিনিয়ার স্বপ্ন দেখছে তারা যদি কোনও কারণে বা বিফলে হয় তাদের জীবন যেন ধমকে না দাঁড়ায়, তাদেরকে যাতে অন্য কোনও পেশাগত বা যথার্থ কোর্স করে নিজেদেরকে প্রতিষ্ঠিত করতে পারে তারই দিশা দেখানোর জন্য এই কেরিয়ার কাউন্সেলিং। সাহিদ আকবার বলেন, অনেক সময় দেখা যায় এক এক ছাত্র ছাত্রী নিজের স্বপ্ন বাস্তাবিয়ত করার লক্ষ্যে হোক বা অভিভাবকের ইচ্ছার কারণে হোক ডাক্তারি প্রবেশিকায় পরীক্ষা সফল হতে না পেরে বছরের পর

বছর ধরে নিট দিয়ে যাচ্ছে। তারপর হতাশ হওয়ায় পড়াশুনার রাস্তা বন্ধ হয়ে যাচ্ছে। তাদেরকে প্রয়োজনে অন্য পেশারভিত্তিক কোর্সের জন্য পরামর্শ দেন সাহিদ আকবার। এদিনের কেরিয়ার কাউন্সেলিংয়ে দৈনিক আপনজন পত্রিকার সম্পাদক জাইদুল হক বলেন, জীবনে প্রতিষ্ঠা করার ক্ষেত্রে আইএএস, ডব্লুবিসিএস, পিএসসি অভিসার হওয়া যায়। তারা আইনজবী থেকে শুরু করে অধ্যাপকও হতে পারে। বিভিন্ন কারগিরি কোর্স করেও নিজেদেরকে প্রতিষ্ঠিত করা যেতে পারে। তাই হতাশ না হয়ে জীবনের লক্ষ্য ঠিক করে এগিয়ে গেলে ছাত্রছাত্রীরা সফল হবে বলে তিনি মন্তব্য করেন। এদিন বিশেষ করে ছাত্রীদরেকে উচ্চশিক্ষায় এগিয়ে যেত উদ্বুদ্ধ করেন দিল্লির জামিয়া মিলিয়া ইসলামি বিশ্ববিদ্যালয়ের প্রাক্তনী তথা পশ্চিমবঙ্গ সরকারের নারী ও শিশু কল্যাণ বিভাগের আইসিডিএস পদে উত্তীর্ণ জেসমিন হক। তিনি ছাত্রদের সঙ্গে প্রশ্নোত্তর পরেব তাদের প্রথাগত শিক্ষা ছাড়া আরও নতুন নতুন পথের দিশা দেখান। আইনজীবী থেকে শুরু করে ডব্লুবিসিএস, অধ্যাপক, ডাক্তার হতে গেলে কি ধরনের প্রস্তুতি নিতে হবে সেই সব প্রশ্নের দশা দেখান। অক্সফোর্ড সহ বিদেশের শিক্ষা প্রতিষ্ঠানে পড়তে গেলে কীভাবে প্রস্তুত নিতে হবে, কীভাবে প্রবেশিকা পরীক্ষা দিতে হবে, বৃত্তি মিলবে কিনা তা নিয়ে নানা তথ্য পরিবেশন করেন। এদিন সাহিদ আকবারের কুরআন তেলাওয়াতের মাধ্যমের সভার শুরু হয়। সুমাইয়া খানম নামে এক ছাত্রী নাতও পরিবেশন করে।

হস্টেলের ছাদ থেকে পড়ে জখম ছাত্রী

সঞ্জীব মল্লিক ● বাঁকুড়া
আপনজন: স্কুল হোস্টেলের ছাদ থেকে পড়ে গুরুতর জখম ছাত্রী, নিছক দুর্ঘটনা নাকি আত্মহত্যার চেষ্টা খতিয়ে দেখছে পুলিশ, প্রশ্নের মুখে স্কুল হোস্টেলের নিরাপত্তা । স্কুল হোস্টেলের ছাদ থেকে পড়ে গুরুতর জখম হল দশম শ্রেনীর এক ছাত্রী। আজ সকালে ঘটনাটি ঘটেছে বাঁকুড়ার মুকুটমনিপুর এলাকায় থাকা একলব্য মডেল রেসিডেন্সিয়াল স্কুলে। ঘটনা নিছক

দুর্ঘটনা নাকি আত্মহত্যার চেষ্টা খতিয়ে দেখছে পুলিশ। স্কুল হোস্টেলের নিরাপত্তা নিয়েও উঠছে প্রশ্ন। বাঁকুড়ার মুকুটমনিপুর লাগোয়া এলাকায় রয়েছে একলব্য মডেল রেসিডেন্সিয়াল স্কুল। কো এড সেই স্কুলের ছাত্র ছাত্রীদের জন্য পৃথক হোস্টেল রয়েছে। আজ সকালে ছাত্রীদের হোস্টেলের দোতলা থেকে সোমাশ্রী হাঁসদা নামের আদিবাসী এক ছাত্রী নীচে পড়ে গুরুতর জখম হয়। তড়িঘড়ি তাকে উদ্ধার করে প্রথমে খাতড়া মহকুমা হাসপাতালে ভর্তি করা হয়। পরে অবস্থার অবনতি হওয়ায় তাকে বাঁকুড়া সম্মিলনী মেডিক্যাল কলেজে স্থানান্তরিত করা হয়।

হরিহরপাড়ায় মিছিলে পা মেলালেন সেলিম

রাকিবুল ইসলাম ● হরিহরপাড়া
আপনজন: মুর্শিদাবাদের হরিহরপাড়া বিধানসভা কেন্দ্রে সিপিআইএম পার্টির ডাকে নির্বাচনী কর্মীসভার আয়োজন। আসন্ন লোকসভা নির্বাচনকে সামনে রেখে এই কর্মীসভা করা হয়।
বৃহস্পতিবার বিকেলে হরিহরপাড়া ব্লকের ট্যাংরামারি হাট প্রাঙ্গনে নির্বাচনী কর্মীসভা করা হয়। কর্মী সভা শেষে ট্যাংরামারি হাট থেকে হরিহরপাড়া বাজার পর্যন্ত মহা মিছিল করা হয়। এই কর্মী সভায় উপস্থিত ছিলেন প্রধান বক্তা হিসাবে সিপিআইএম রাজ্য কমিটির সম্পাদক মোঃ সেলিম, সিপিআইএম জেলা কমিটির সম্পাদক জামির মোল্লা, হরিহরপাড়া সিপিআইএম এরিয়া কমিটির সম্পাদক ইনসার আলী বিশ্বাস সহ অন্যান্য নেতৃত্ব থেকে কর্মীবৃন্দরা।
এদিন মোহাম্মদ সেলিম এই সভা মঞ্চ থেকে রাজ্য ও কেন্দ্রকে একাধিক ভাষায় বিধলেন। পরিযায়ী শ্রমিক ১০০ দিনের কাজের দুর্নীতি সহ একাধিক বিষয় নিয়ে আলোচনা করেন। সম্প্রীতি মমতা ও মোদি বৈঠক নিয়ে কটূক্তি করেন।

বিজেপিকে বাংলায় শূন্য করার ডাক বাম যুবনেত্রী সায়নীর

দেবাশীষ পাল ● মালদা
আপনজন:বাঁকুড়ার হিন্দি স্কুল ময়দানের ফাঁকা মাঠ থেকে তৃণমূলের রাজ্য যুবনেত্রী সায়নী ঘোষের ৪২ এ ৪২ শূন্য করার পাশাপাশি বিচারপতি গঙ্গোপাধ্যায়ের জামানা বাজেয়াপ্ত করার হুঁশিয়ার ।
বাঁকুড়ায় এসে বাঁকুড়া সাংগঠনিক জেলা যুব তৃণমূল কংগ্রেসের তরফ থেকে একটি রক্তদান শিবিরের পাশাপাশি আগামী ১০ই মার্চ ব্রিগেড সমাবেশের একটি প্রচার সভার আয়োজন করা হয়।সেই অনুষ্ঠানে মূল বক্তা হিসেবে উপস্থিত হয় যুব তৃণমূল কংগ্রেসের সভানেত্রী সায়নী ঘোষ।সেখানে তিনি খোলামঞ্চে বক্তব্য রাখতে গিয়ে বিজেপিকে ৪২ এ ৪২ শূন্য হুমকি দেবার পাশাপাশি বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায়কেও এক হস্তে নেন। তিনি অভিজিৎ গঙ্গোপাধ্যায়ের বিজেপিতে যোগদান সম্পর্কে বলেন বিচার ব্যবস্থার অবস্থা ভাবুন! তবে তৃণমূল কংগ্রেস এসবে ভয় পায়না তিনি যেখান থেকেই দাঁড়াক তাঁর জামানত বাজেয়াপ্ত করে ছাড়বো। পরে তিনি সাংবাদিকদের মুখোমুখি হয়ে বলেন 'বিচারপতি অভিজিৎ গঙ্গোপাধ্যায় বিচার ব্যবস্থার কলঙ্ক ছিলেন,এতদিন ভাবতাম তিনি নিরপেক্ষ রায় দান করতেন,এখন জানলাম তাঁর সব রায় বিজেপির দ্বারা প্রভাবিত ছিল"।
লোকসভা ভোট যতই এগিয়ে আসছে সরগরম হচ্ছে বাঁকুড়া জেলার রাজনীতি। রাজনৈতিক তর্ক বিতর্কে গরম হচ্ছে জেলার প্রত্যেকটা প্রান্ত। এখন শুধু দেখার বিষয় এটাই আসন্ন লোকসভা নির্বাচনে শেষ হাসিটাকে হাসে।

পঞ্চায়েত অফিসে হামলা জগৎবল্লভপুরে

নিজস্ব প্রতিবেদক ● হাওড়া
আপনজন:পঞ্চায়েত অফিসেই মহিলা পঞ্চায়েত প্রধানের উপর হামলার অভিযোগ হাওড়ার জগৎবল্লভপুর ব্লকে। অভিযোগের তীর পঞ্চায়েত সদস্য তথা প্রাক্তন উপপ্রধানের বিরুদ্ধে।
জগৎবল্লভপুর ব্লকের পাতিহাল গ্রাম পঞ্চায়েতের ঘটনায় চাঞ্চল্য। অভিযোগ বর্তমান অর্থবছরের অ্যাকশন প্ল্যান পোর্টালে আপলোড করার কাজ চলাকালীন বুধবার রাতে ওই হামলা হয়। সার্ভারের সমস্যা থাকায় রাত পর্যন্ত অফিসেই চলছিল কাজ। রাত প্রায় সাড়ে দশটার সময় বহিরাগতদের নিয়ে হামলার অভিযোগ পঞ্চায়েতের শিল্প সঞ্চালক ও জেলা পরিষদের সদস্য ও তার অনুগামীদের বিরুদ্ধে। অভিযোগ প্রধান, উপপ্রধান-সহ একাধিক সদস্য ও পঞ্চায়েত কর্মীর উপর চলে হামলা। ঘটনার তদন্তে নেমেছে জগৎবল্লভপুর থানার পুলিশ।

প্রতিবন্ধকতার শংসাপত্র পাননি জন্মান্ধ

নিজস্ব প্রতিবেদক ● ঝাড়গ্রাম
আপনজন: জন্মান্ধ হয়েও মেলেনি প্রতিবন্ধকতার কোনও সরকারি শংসাপত্র,নেই আধার কার্ড, মেলেনি রেশন থেকে বিভিন্ন সরকারি সুযোগ সুবিধা থেকেও বঞ্চিত বছরের পর বছর।দূর্দশার মধ্যে দিন কাটছে শবর মহিলার। দৃষ্টিহীন বৌমাকে নিয়ে ঝাড়গ্রামের ব্লক আধিকারিকের দফতরে ঝাড়গ্রাম ব্লকের কালাঝড়িয়া গ্রামের শবর বয়স্কা শাশুড়ি।জন্মান্ধ বৌমার, প্রতিবন্ধকতার কোনও সরকারি শংসাপত্র নেই। আবার আধার কার্ড না থাকায় মেলে না রেশন। তাই সরকারি অনুদানের আশায় শবর জনজাতির দুই মহিলার বারংবার দৌড়াদৌড়ি পঞ্চায়েত আর বিডিও-র দফতরে। দু মুঠো ভাতের জন্যে আজও ভিক্ষেই ভরসা অলকা আর ববিতা ভুক্তার। খাস ঝাড়গ্রাম জেলায় তাই অলকা- ববিতাদের সংখ্যা বেড়ে চলেছে।

ছড়িয়ে-ছিটিয়ে

বিডিও অফিসে সূচনা হল অ্যাম্বুলেন্সের

চন্দনা বন্দ্যোপাধ্যায় ● বহড়ু
আপনজন: রাজ্যের মানবিক মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের উদ্যোগে জয়নগর বিধানসভার বিধায়ক বিশ্বনাথ দাসের চেষ্টায় দক্ষিন ২৪ পরগনা জেলা পরিষদের আর্থিক সহায়তায় বৃহস্পতিবার জয়নগর ১ নং ব্লকের বহড়ু বিডিও অফিস এলাকা থেকে একটি এম্বুলেন্স ও তিনটি বিশুদ্ধ পানীয় জলের গাড়ির পরিষেবা চালু হলো। মুমূর্ষ রোগীদের পরিষেবা দেবার লক্ষ্যে জয়নগর ১ নম্বর ব্লকের ১২ টি গ্রাম পঞ্চায়েত সহ আশেপাশের এলাকার মানুষের সুবিধার কথা মাথায় রেখে এদিন এই অ্যাম্বুলেন্স পরিষেবার সূচনা হয়।এছাড়া জয়নগর ১ নম্বর ব্লক এলাকার বারোটি গ্রাম পঞ্চায়েতে বিশুদ্ধ পানীয় জলের পরিষেবা দিতে পানীয় জলের গাড়ির শুভ সূচনা হয়। এ দিন বহড়ুতে এই শুভ সূচনা অনুষ্ঠানে পতাকা নেড়ে শুভ সূচনা করেন জয়নগরের বিধায়ক বিশ্বনাথ দাস,জয়নগর ১ নং ব্লকের যুগ্ম বিডিও তনয় মুখার্জি, জেলা পরিষদ সদস্য বন্দনা লস্কর, জয়নগর এক নম্বর পঞ্চায়েত সমিতির সভাপতি ঋতুপর্ণা বিশ্বাস,সহকারি সভাপতি সুহানা পারভিন বৈদ্য, পঞ্চায়েত সমিতির কর্মাধ্যক্ষ সজল কান্তি সাহা, হাজী শুকুর আলী, মানস নস্কর সহ একাধিক কর্মাধ্যক্ষ ও পঞ্চায়েত সমিতির সদস্যরা উপস্থিত ছিলেন।

পুলিশের ঘরেই চুরি হল টাকা ও গহনা

আরবাজ মোল্লা ● নদিয়া
আপনজন: নদিয়ায় পুলিশের ঘরেই চুরি! তিন দিন বাড়িতে না থাকার পর দরজা খুলেই হতবাক, খোয়া গেছে নগদ এবং অলংকার মিলিয়ে প্রায় দেড় লক্ষ ।শীতঘুম কাটিয়ে আবারো সক্রিয় চোরেদের দল। তবে এবার সাধারণ কোন গৃহস্থ প পরিবার নয়! খোদ পুলিশের ঘরেই থাবা বসালো চোরেরা।
যথেষ্ট চাঞ্চল্যকর এবং দুশ্চিন্তার এই ঘটনাটি নদীয়ার শান্তিপুর শহরের ১১ নম্বর ওয়ার্ডের পাড়ার। সেখানকার অধিবাসী গনেশ সরকার পেশায় রেল পুলিশ। গত তিন দিন আগে স্ত্রী এবং পুত্রকে নিয়ে আত্মীয় বাড়ি যান ভেবেছিলেন ফিরে আসবেন সেদিনই, কিন্তু তার হয়ে ওঠেনি শারীরিক অসুস্থতার কারণে, এরপর তিনি নিজে একা ফিরে আসেন বাড়িতে। পাঁচিল দেওয়া বাউন্ডারি প্রথম গেটে চাবি দিয়ে অনায়াসে খোলেন দরজা তারপর বারান্দার গ্রিলের দরজা তবে সেই দরজা খুলতে গিয়ে চাবি স্বাভাবিকভাবে না ঘোরার কারণে সন্দেহ জাগে এরপরেই তালা না দেওয়া বারান্দার কাঠের দরজা এবং ঘরের দরজা খুলে দেখেন দুটি আলমারি লন্ডভন্ড, লকার ভেঙ্গে উধাও নগদ ২২ হাজার টাকা এবং নিজের সোনার আংটি ছেলের গলার চেন এবং স্ত্রীর নেকলেস সহ একটি শিব ঠাকুরের লকেট। এছাড়াও রূপো কিংবা স্ত্রীর রাখা গহনা কিংবা মূল্যবান জিনিসপত্রের কথা এখনো জানেন না গনেশ বাবু। ইতিমধ্যেই শান্তিপুর থানায় ফোন করে জানালে পুলিশ প্রশাসন এসে খতিয়ে দেখে যায় তবে শান্তিপুর থানায় একটি লিখিত অভিযোগ জানানোর পরামর্শ দেন তারা। এলাকার অধিবাসীরা জানাচ্ছেন কোনদিনই এপাড়ায় এ ধরনের ঘটনা ঘটেনি তার ওপর ফার্নিচার বাজারের ঝকঝকে আলো তার মূল রাস্তার পাশে বাড়ি পর্যন্ত পৌঁছায় ওই দোকান এবং গণেশ বাবুর বাড়ির পেছনে রয়েছে সিসি ক্যামেরা তার খতিয়ে দেখা দরকার।

লাইপজিগের সঙ্গে ড্র করেও শেষ আটে রিয়াল মাদ্রিদ

আপনজন ডেস্ক: রিয়াল মাদ্রিদ ১ : ১ লাইপজিগ
জুড বেলিংহামকে ঠিক চেনা যাচ্ছিল না। একটা গোল করলেন বটে, তবে অচেনা লাগছিল ভিনিসিয়ুস জুনিয়রকেও। আসলে সান্তিয়াগো বার্নাব্যুতে আজ লাইপজিগের বিপক্ষে নিজেদের সেরাটা দিতে পারেনি রিয়াল মাদ্রিদ। তবে সেরাটা দেওয়ার দরকারও পড়েনি। শেষ ষোলোর প্রথম লেগে ১-০ গোলে এগিয়ে ছিল রিয়াল। মানে আজ ফিরতি লেগে না হারলেই কোয়ার্টার ফাইনালের টিকিট নিশ্চিত ছিল কার্লো আনচেলত্তির দলের।
ভিনিসিয়ুসের গোলে এগিয়ে যাওয়া রিয়াল ম্যাচটা শেষ করল ১-১ সমতায়। আর তাতেই দুই লেগ মিলিয়ে ২-১ ব্যবধানে জিতে চ্যাম্পিয়নস লিগের কোয়ার্টার ফাইনালেও উঠে গেল রেকর্ড ১৪বারের চ্যাম্পিয়নরা।
ম্যাচের আগেই রিয়াল মাদ্রিদ কোচ কার্লো আনচেলত্তি তাঁর খেলোয়াড়দের সতর্ক করে দিয়েছিলেন, সেরাটা না দিলে পরের রাউন্ডে যাওয়া যাবে না। আজ একাদশটাও রিয়াল কোচ সাজিয়েছিলেন বেশ সতর্কভাবে। ভিনি-বেলিংহামের পেছনে চার মিডফিল্ডার রেখে। ব্রুস-ভালভার্দের সঙ্গে খেলেছেন কামাভিঙ্গা ও চুয়ামেনি। বোঝাই যাচ্ছিল, যেভাবেই হোক প্রথম লেগের লিডটা ধরে রাখতে চান রিয়াল কোচ। তাতে খুব একটা লাভ হয়নি। রিয়াল স্বাভাবিক খেলাটা খেলতে পারছিল না। উল্টো লাইপজিগকেই বেশ স্বচ্ছন্দ লাগছিল শুরু থেকে। তবে জার্মান ক্লাবটি গোলের ভালো সুযোগ ওই অর্থে খুব বেশি পায়নি। বিরতির পর কামাভিঙ্গাকে তুলে রদ্রিগোকে নামান আনচেলত্তি। তাতে রিয়ালের খেলায় কিছুটা ধার ফেরে। নিস্প্রভ প্রথমার্ধ কাটানো ভিনিও কিছুটা নড়াচড়া শুরু করেন। এর মধ্যেই অবশ্য একবার মেজাজ হারিয়ে লাইজিগের উইলি অরবানকে ফাউল করে এবং পরে ধাক্কা দিয়ে হলুদ কার্ডও দেখেন ব্রাজিলিয়ান ফরোয়ার্ড। তবে রিয়ালের গোলটা এসেছে শেষ পর্যন্ত ভিনির পা থেকেই এবং সেটার আগে তাঁকে দারুণ পাস দিয়েছেন বেলিংহাম। ৬৫ মিনিটে পাওয়া সেই গোলে এগিয়ে যাওয়ার স্বস্তিটা অবশ্য খুব বেশিক্ষণ ছিল না রিয়ালের। মিনিট তিনেক পরেই অরবান শোধ করে দেন সেই গোল।
সমতা ফেরানোর পর দারুণ কয়েকটা আক্রমণও করেছে লাইপজিগ। কিন্তু দুর্ভাগ্য ওদের, গোল পায়নি আর। এর মধ্যে দানি ওলমোর একটা শট তো ফিরে ক্রসবারে লেগে! হতাশা নিয়েই তাই মাঠ ছাড়তে হয় লাইপজিগকে।

কুলদীপ-অশ্বিনের পর রোহিত-জয়সওয়ালে পিষ্ট ইংল্যান্ড

আপনজন ডেস্ক: ড্যান লিবকা অস্ট্রেলিয়ান কৌতুক-লেখক।
ধর্মশালায় দ্বিতীয় সেশনের খেলা চলার সময় এক্সে পোস্ট করলেন, 'যদি যশপ্রীত বুমরা এ ইনিংসে উইকেট না পায়, তাহলে আমি ধর্মশালা যাব এবং (সংশ্লিষ্ট) সবার সঙ্গে কথা বলব (এ ব্যাপারে)।'
একটু পর স্টুয়ার্ট ব্রড লিবকার ওই পোস্টের নিচে রিপ্লাই দিলেন, 'তোমার ভ্রমণের খবরাখবর জানাবে কিন্তু।'
বুঝতেই পারছেন, বুমরা শেষ পর্যন্ত প্রথম ইনিংসে উইকেট পাননি। এ টেস্ট দিয়েই বিশ্রাম কাটিয়ে দলে ফিরেছেন বুমরা, ধর্মশালার উইকেট ব্যাটিং-সহায়ক হলেও সকালে ছিল ভালো মুভমেন্ট। তবে সে সময়টা বুমরাকে দেখেশুনে পার করেছিল ইংল্যান্ড। কিন্তু সে পর্যন্তই।
কুলদীপ যাদবের ৫ উইকেট, শততম টেস্ট খেলতে নামা রবিচন্দ্রন অশ্বিনের ৪ উইকেটে আরেকবার নাটকীয় ধসের কবলে পড়া ইংল্যান্ড প্রথম ইনিংসে গুটিয়ে গেছে মাত্র ২১৮ রানে। এরপর রোহিত শর্মা ও যশস্বী জয়সওয়াল তাদের আরেকবার মনে করিয়ে দিয়েছেন-এমন কন্ডিশনে ব্যাটিংটা কীভাবে করতে হয়। স্বপ্নের মতো এক সিরিজ কাটানো জয়সওয়াল স্টাম্পিং হওয়ার আগে খেলেছেন ৫৮ বলে ৫৭ রানের ইনিংস, দিন শেষে রোহিত অপরাজিত ৫২ রানে। প্রথম দিনই ভারত ব্যবধান নামিয়ে এনেছে ৮৩ রানে।
টসে জিতে ব্যাটিং নিতে দুবার ভাবেননি স্টোকস। ওপেনাররা আরেকবার ভালো শুরু এনে দেন ইংল্যান্ডকে, ডাকেট ইনিংসের ১৮তম ওভারে কুলদীপের প্রথম শিকার হওয়ার আগে প্রথম উইকেটে ওঠে ৬৪ রান। প্রথম সেশনে ওলি পোপের উইকেটও ওবশ্য হারায় ইংল্যান্ড। কুলদীপকে প্রায় দৌড়ে গিয়ে খেলতে চেয়েছিলেন পোপ, মিস করে হন স্টাম্পিং। হায়দরাবাদে প্রথম টেস্টে সেঞ্চুরির পর রান করাই যেন ভুলে গেছেন তিনি।
মাঝে বেশ লম্বা একটা সময় ইংল্যান্ডের বড় দুশ্চিন্তা ছিল টপ অর্ডার। ক্রলি ও ডাকেট এখন ভালো শুরু এনে দিচ্ছেন নিয়মিতই, কিন্তু এ সিরিজে মিডল অর্ডারে বারবার গড়বড় হয়ে যাচ্ছে তাদের। ক্রলি পেয়েছেন সিরিজের চতুর্থ ফিফটির দেখা। অবশ্য এবারও সেটিকে সেঞ্চুরিতে রূপ দিতে পারেননি। কুলদীপের ফুললেংথ থেকে টার্ন করে ভেতরে ঢোকা বলে তিনি বোল্ড হন ৭৯ রান করে, ইংল্যান্ডের স্কোর তখন ৩ উইকেটে ১৩৭। শততম টেস্ট খেলতে নামা জনি বেয়ারস্টো যখন কুলদীপের চতুর্থ শিকার, তখনো ইংল্যান্ডের রান ছিল ১৭৫।
ওই ১৭৫ রানে দাঁড়িয়েই ইংল্যান্ড হারায় জো রুট ও বেন স্টোকসের উইকেটও। রুট এলবিডব্লু হন রবীন্দ্র জাদেজার বলে, স্টোকসকে এলবিডব্লু করে নিজের পঞ্চম উইকেটটি পান কুলদীপ।
ক্যারিয়ারে ৫০ উইকেটও হয়ে গেছে তাঁর, প্রথম ভারতীয় বাঁহাতি রিস্ট স্পিনার হিসেবে এ মাইলফলক ছুঁলেন তিনি।
ইংল্যান্ডকে তাদের দুর্দশা থেকে মুক্তি দেওয়ার দায়িত্বটা এরপর তুলে নেন অশ্বিন। ইনিংসে চতুর্থ ইংলিশ ব্যাটসম্যান হিসেবে ২০ পেরিয়ে ৩০-এর আগেই থামেন বেন ফোকস, শোয়েব বশিরের সঙ্গে নবম উইকেটে যিনি তোলেন ৩৫ রান।
ভারত এরপর যখন ব্যাটিংয়ে নামল, ধর্মশালার উইকেটকে মনে হচ্ছিল একেবারেই আলাদা। আগেই সিরিজ জয় নিশ্চিত করা ভারতের আক্রমণের ধার যেন বেড়েছে আরও। ২১তম ওভারেই রোহিত ও জয়সওয়ালের জুটিতে আসে ১০০ রান। সুনীল গাভাস্কারের পর দ্বিতীয় ভারতীয় হিসেবে এক সিরিজে ৭০০ রান করার পথে জয়সওয়াল ফিফটি পূর্ণ করেন মাত্র ৫৬ বলে। শোয়েব বশিরের প্রথম ওভারেই এ বাঁহাতি মারেন ৩টি ছক্কা। মার্চেই এক পঞ্জিকাবর্ষে টেস্টে সর্বোচ্চ ছক্কা মারা ব্রেন্ডন ম্যাককালামের (৩৩) রেকর্ডের আরও কাছে চলে এসেছেন জয়সওয়াল (২৬)।
শেষ পর্যন্ত বশিরকে সামনে এসে খেলতে গিয়ে জয়সওয়াল স্টাম্পিং হলে ভাঙে ১০৪ রানের জুটি।

ইংল্যান্ড ১ম ইনিংস: ৫৭.৪ ওভারে ২১৮ (ক্রলি ৭৯, বেয়ারস্টো ২৯, ডাকেট ২৭, রুট ২৬; কুলদীপ ৫/৭২, অশ্বিন ৪/৫১, জাদেজা ১/১৭)।
ভারত ১ম ইনিংস: ৩০ ওভারে ১৩৫/১ (জয়সওয়াল ৫৭, রোহিত ৫২*, গিল ২৬*; বশির ১/৬৪)।
ভারত ৮৩ রানে পিছিয়ে

শুবমান গিল অবশ্য নেমে মারেন ২টি করে চার ও ছক্কা, অন্যদিকে ৭৭ বলে ফিফটি পান রোহিত। দুজন নিশ্চিত করেন, কঠিন এক দিনের আভাস পেয়েই আজ রাতে ঘুমাবেন স্টোকসরা।
লিবকা অবশ্য দিনের খেলা শেষ হওয়ার আগেই মেলবোর্ন থেকে ধর্মশালার দীর্ঘ ফ্লাইটের সূচির একটা স্ক্রিনশট পোস্ট করেছেন। তিনি ধর্মশালা পৌঁছানোর আগেই শেষ হয়ে যেতে পারে এ টেস্ট, জানিয়েছেন সে শঙ্কার কথাও। প্রথম দিনে যা অবস্থা, তাতে ভারত খুব একটা সময় নেবে বলে মনেও হচ্ছে না।

১০০তম টেস্ট: অশ্বিন স্মারক নিলেন মেয়ের কাছ থেকে, বেয়ারস্টো কাঁদলেন মাকে জড়িয়ে

আপনজন ডেস্ক: দেশের হয়ে ১০০ টেস্ট খেলা চাট্টিখানি কথা নয়। দিনের পর দিন, বছরের পর বছর অনেক নিবেদনের পর ছুঁতে হয় সেই মাইলফলক। ১৪৭ বছরের আন্তর্জাতিক ক্রিকেট ইতিহাসে কমপক্ষে ১০০ টেস্ট খেলা ক্রিকেটারের সংখ্যা ছিল ৭৬। আজ সেটি বেড়ে দাঁড়াল ৭৮-এ। ধর্মশালায় আজ ভারত-ইংল্যান্ড ম্যাচে নিজেদের ১০০তম টেস্ট খেলতে নেমেছেন ভারতের স্পিন অলরাউন্ডার রবিচন্দ্রন অশ্বিন ও ইংল্যান্ডের ব্যাটসম্যান জনি বেয়ারস্টো। ম্যাচপূর্ব সংবাদ সম্মেলনে দুজনই নিজের অনুভূতি জানিয়েছিলেন। অশ্বিন বলেছিলেন, ১০০তম টেস্টের আগে তাঁর চোখের সামনে পুরো ক্যারিয়ার ভাসছে। আর বেয়ারস্টো বলেছিলেন, আবেগ সামলাতে না পেরে যেকোনো মুহূর্তে দুচোখ ভিজে যেতে পারে তাঁর। তাই টিস্যু পেপার সঙ্গে রেখেছেন।
মাইলফলক ছোঁয়ার এই ম্যাচ খেলতে নেমে সত্যি সত্যিই আবেগপ্রবণ হয়ে পড়েছেন বেয়ারস্টো। সতীর্থ জো রুটের কাছ থেকে ১০০তম টেস্টের ক্যাপ পাওয়ার পর মা জ্যানেটকে জড়িয়ে ধরে কেঁদেছেন। এ সময় বোন রেবেকা, প্রেমিকা মেগান ও পুত্রসন্তান এডওয়ার্ড বেয়ারস্টোর সঙ্গেই ছিলেন।
বেয়ারস্টোর সংগ্রামী জীবনের কাহিনি অনেকেরই জানা। তাঁর বাবা ডেভিড বেয়ারস্টোও ইংল্যান্ডের হয়ে খেলেছেন। কিন্তু নানা সমস্যায় জর্জরিত ডেভিড একদিন নিজ বাড়িতে গলায় ফাঁস দিয়ে আত্মহত্যা করেন, বেয়ারস্টোর বয়স তখন ৮ বছর।
এরপর মা জ্যানেটই তাঁকে বড় করেছেন। বেয়ারস্টোকে আজকের বেয়ারস্টো বানাতে স্তন ক্যানসারজয়ী এই নারীর ভূমিকাই বেশি। মা জ্যানেটই তাঁর ক্যারিয়ারের চালিকা শক্তি, সেটা সংবাদ সম্মেলনেও বলেছেন বেয়ারস্টো। ১০০তম টেস্ট খেলতে নামার দিনে মাকে কাছে পেয়ে তাই আবেগাপ্লুত হয়ে পড়াই স্বাভাবিক। বিশেষ দিনে বেয়ারস্টোকে অভিনন্দন জানিয়েছে ইংল্যান্ড অ্যান্ড ওয়েলস ক্রিকেট বোর্ড (ইসিবি)। বেয়ারস্টোর বেশ কয়েকটি ছবি কোলাজ করে ইসিবি সামাজিক যোগাযোগমাধ্যমে পোস্ট করেছে। লিখেছে 'তার শক্তি। তার বিপত্তি। তার উদ্‌যাপন। তার দৃঢ়তা। তোমরা তাকে থামাতে পারবে না। জোনাথন মার্ক বেয়ারস্টো ১০০ টেস্টের ক্লাবে ঢুকে পড়েছে।'
অশ্বিনকে স্মারক হিসেবে '১০০' লেখা একটি টুপি উপহার দিয়েছে ভারতীয় ক্রিকেট বোর্ড (বিসিসিআই)। কাচের কেবিনেটে করে সেই টুপি নিয়ে আসেন দলের কোচ রাহুল দ্রাবিড়। এরপর দ্রাবিড় নিজেই সেটি অশ্বিনের হাতে তুলে দেন। পরে স্মারক টুপিটি আরও একবার পেয়েছেন অশ্বিন, তাঁর দুই মেয়ে আকহিরা ও আধিয়া দিয়েছে। এ সময় করতালি দিয়ে অশ্বিনকে অভিনন্দন জানান তাঁর স্ত্রী প্রীতি নারায়ণ ও সতীর্থরা। বেয়ারস্টোর মতো অশ্বিন না কাঁদলেও বোঝা যাচ্ছিল, আবেগ সামলাতে তাঁর কষ্ট হচ্ছে।
অশ্বিনকে বিশেষ স্মারক উপহার দেওয়া পর ভারতের কোচ দ্রাবিড় তাঁর উদ্দেশে বলেন, 'গ্রেট শব্দটা মানুষ খুব সহজেই ব্যবহার করে। কিন্তু গ্রেট হতে গেলে দীর্ঘদিন ধরে ধারাবাহিকতা ধরে রাখতে হয়। এটা অনেক পরিশ্রম, অনুশীলন, ত্যাগ, নিবেদন, সময়ের সঙ্গে নিজেকে বদলে ফেলা, প্রতিনিয়ত শেখা এবং দলকে নিজের সেরাটা দেওয়ার মাধ্যমে সম্ভব হয়। অ্যাশ (অশ্বিনের ডাকনাম), তুমি সবকিছুই বিশ্বস্ততার সঙ্গে করেছ।'

মেসির সেই ন্যাপকিনের দাম নিলামে কত উঠতে পারে?

আপনজন ডেস্ক: প্রথম দেখায় এটিকে আরেকটি ব্যবহৃত ন্যাপকিন পেপার মনে হতে পারে। কিন্তু যেনতেন হলে কি আর সেটার দাম ৬ লাখ ৩৫ হাজার মার্কিন ডলার (প্রায় ৭ কোটি টাকা) হয়! পৃথিবীতে এমন কোন ন্যাপকিন পেপার আছে, যেটার দাম এত বেশি। আছে এবং সেটা লিওনেল মেসির ন্যাপকিন পেপার ছাড়া আর কারই বা হতে পারে!
১৩ বছর বয়সী মেসি কীভাবে একটি ন্যাপকিন পেপারে বার্সেলোনার সঙ্গে চুক্তিবদ্ধ হয়েছিলেন, গল্পটা সবার জানা। মেসি-বার্সা সম্পর্কের সেই বিখ্যাত 'দলিল', মানে ন্যাপকিন পেপার নিলামে উঠতে যাচ্ছে, সেই খবরও পুরোনো। এবার নিলামের দিনক্ষণও চূড়ান্ত হয়ে গেল। আগামী ১৮ মার্চ মেসির সেই ন্যাপকিন পেপার নিলামে তোলা হবে। নিলাম চলবে ২৭ মার্চ পর্যন্ত। যুক্তরাজ্যের বিখ্যাত নিলামকারী প্রতিষ্ঠান বোনহামস এর আয়োজন করতে যাচ্ছে। এর আগে নিউইয়র্কে ন্যাপকিন পেপারের প্রদর্শনী চলছে। নিউইয়র্কের পর প্যারিস ও লন্ডনেও এর প্রদর্শনী হবে। তারপর তোলা হবে নিলামে।
ন্যাপকিন পেপারের প্রদর্শনী এবং এর নিলামের ব্যাপারে বোনহামসের দুষ্প্রাপ্য বই এবং পাণ্ডুলিপি বিভাগের প্রধান ইয়ান এহলিং বলেছেন, 'মেসির ক্যারিয়ারের সূচনালগ্ন এখানে নথিভুক্ত করা হয়েছে। এটা সত্যিই অবিশ্বাস্য।'
ন্যাপকিনের দাম ৬ লাখ ৩৫ হাজার পর্যন্ত উঠতে পারে বলে ধারণা করা হলেও এহলিংয়ের আশা আরও বেশি, 'আমি আরও বেশি দামে এটা বিক্রি করতে পারব বলে আশা করতেই পারি।'
এর আগে আর্জেন্টিনাকে বিশ্বকাপ জেতানো মেসির কাতার বিশ্বকাপের ৬টি জার্সি নিলামে ৭৮ লাখ ডলারে (৮৫ কোটি ৪২ লাখ টাকা) বিক্রি করা হয়েছে। সেবার নিলামের আয়োজন করেছিল বিখ্যাত ব্রোকার হাউস সোথেবি'স।

এবার খেলেই আইপিএলকে বিদায় জানাবেন দিনেশ কার্তিক

আপনজন ডেস্ক: আইপিএলে নিজের শেষটা দেখছেন দিনেশ কার্তিক। ভারতের এই উইকেটকিপার-ব্যাটসম্যান এবারের আইপিএল খেলেই এই টুর্নামেন্টে নিজের ক্যারিয়ারের সমাপ্তি টানবেন।
রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরুর হয়ে ভারতীয় ফ্র্যাঞ্চাইজি লিগটির এবারের মৌসুম খেলবেন কার্তিক। ক্রিকেটবিষয়ক ওয়েবসাইট ইএসপিএনক্রিকইনফো জানিয়েছে, জুনে ৩৯ ছুঁতে যাওয়া কার্তিক নিজের আন্তর্জাতিক ক্যারিয়ার নিয়েও দ্রুতই সিদ্ধান্ত নেবেন।
দিল্লি ডেয়ারডেভিলসের (বর্তমানে দিল্লি ক্যাপিটালস) হয়ে আইপিএল ক্যারিয়ার শুরু কার্তিকের। ২০০৮ সালে ভারতীয় ক্রিকেট বোর্ড (বিসিসিআই) এই টুর্নামেন্ট চালুর পর কার্তিক সেই সাত খেলোয়াড়ের একজন, যাঁরা সব মৌসুমেই খেলেছেন।
কার্তিক আরেকটি বিশেষ তালিকায় থাকবেন। এখন পর্যন্ত আইপিএলের ১৬ মৌসুমে মিস করেছেন মাত্র ২টি ম্যাচ! প্রথম মৌসুমে কলকাতা নাইট রাইডার্সের বিপক্ষে একটি ম্যাচে খেলেননি। গত মৌসুমে খেলেননি সানরাইজার্স হায়দরাবাদের বিপক্ষে।
আইপিএলের সব মৌসুমে খেলা বাকি ছয় খেলোয়াড় মহেন্দ্র সিং ধোনি, বিরাট কোহলি, রোহিত শর্মা, শিখর ধাওয়ান, ঋদ্ধিমান সাহা ও মনিশ পাণ্ডে।
২০২৩ আইপিএলে ব্যাট হাতে ভালো করতে পারেননি কার্তিক। মাত্র ১৪০ রান করেছেন ১১-এর একটু বেশি ব্যাটিং গড়ে। তবে ২০২২ সালে রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরুর হয়ে দারুণ কাটিয়েছিলেন কার্তিক। ফিনিশারের ভূমিকায় ১৬ ম্যাচে ৩৩০ রান করেছিলেন। স্ট্রাইক রেট ১৮৩.৩৩। তাঁর পারফরম্যান্সেই সেবার আইপিএলের প্লে অফে উঠেছিল বেঙ্গালুরু। আর কার্তিকও সেবারের পারফরম্যান্স দিয়ে জায়গা করে নিয়েছিলেন ২০২২ টি-টোয়েন্টি বিশ্বকাপে ভারতের দলে। বিশ্বকাপের সেমিফাইনাল থেকে ভারতের বাদ পড়ার আগে ৩ ম্যাচে মাত্র ১৪ রান করেছিলেন কার্তিক।আইপিএলে এ পর্যন্ত ছয়টি ফ্র্যাঞ্চাইজির হয়ে খেলেছেন কার্তিক। দলগুলো হলো দিল্লি ডেয়ারডেভিলস (বর্তমানে দিল্লি ক্যাপিটালস), কিংস ইলেভেন পাঞ্জাব (বর্তমানে পাঞ্জাব কিংস), মুম্বাই ইন্ডিয়ানস, গুজরাট লায়নস (বিলুপ্ত), কলকাতা নাইট রাইডার্স এবং রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরু।
আইপিএলে মোট ২৪০ ম্যাচে ২৬-এর কাছাকাছি ব্যাটিং গড়ে ৪৫১৬ রান করেছেন কার্তিক। স্ট্রাইক রেট ১৩২-এর একটু বেশি। আছে ২০টি ফিফটি। উইকেটকিপার হিসেবে সব রকম ডিসমিসাল মিলিয়ে মহেন্দ্র সিং ধোনির পরই আছেন কার্তিক (১৩৩)। স্টাম্পিংয়েও ধোনির পরের অবস্থানটা তাঁর (৩৬)।
অধিনায়কত্বও করেছেন আইপিএলে। এই দায়িত্বে জিতেছেন ২১ ম্যাচ, হেরেছেনও ২১ ম্যাচ। আছে একটি টাইও! খেলোয়াড় হিসেবে ক্রিকেট ছাড়ার পর কী করবেন, সেটাও সম্ভবত ঠিক করে ফেলেছেন কার্তিক। ক্রিকেট সম্প্রচারের সঙ্গে তাঁর জড়িয়ে পড়ার সম্ভাবনাই বেশি। ২০২১ বিশ্ব টেস্ট চ্যাম্পিয়নশিপের ফাইনালে পণ্ডিত হিসেবে কাজ করেছেন। সম্প্রচারক হিসেবে এখন তিনি প্রতিষ্ঠিতই। চলমান ভারত-ইংল্যান্ড টেস্ট সিরিজেও ধারাভাষ্য দিচ্ছেন।
২২ মার্চ থেকে শুরু হবে এবারের আইপিএল। উদ্বোধনী ম্যাচেই বর্তমান চ্যাম্পিয়ন চেন্নাই সুপার কিংসের বিপক্ষে খেলবে কার্তিকের বেঙ্গালুরু।

রিয়াল ও বায়ার্নের কীর্তিতে ভাগ সিটির

আপনজন ডেস্ক: কোপেনহেগেনের মাঠে শেষ ষোলো পর্বের প্রথম লেগে ৩-১ ব্যবধানে জিতেছিল ম্যানচেস্টার সিটি। গত রাতে ফিরতি লেগে ঘরের মাঠ ইতিহাদ স্টেডিয়ামেও এসেছে ৩-১ ব্যবধানের জয়। তাতে দুই লেগ মিলিয়ে ৬-২ ব্যবধানের জয়ে কোয়ার্টার ফাইনাল নিশ্চিত করেছে সিটি। এ জয়ের মধ্য দিয়ে রিয়াল মাদ্রিদ ও বায়ার্ন মিউনিখের একটি কীর্তিতে ভাগ বসিয়েছে চ্যাম্পিয়নস লিগের বর্তমান চ্যাম্পিয়নরা। চ্যাম্পিয়নস লিগ ইতিহাসে প্রথম ইংলিশ ক্লাব এবং সব মিলিয়ে রিয়াল ও বায়ার্নের পর তৃতীয় ক্লাব হিসেবে টানা ১০ জয়ের কীর্তি গড়েছে সিটি। ২০১৪ সালে চ্যাম্পিয়নস লিগ জেতা রিয়ালের এই জয়যাত্রা থেমেছিল পরের বছর সান্তিয়াগো বার্নাব্যুতে শেষ ষোলোর ফিরতি লেগে শালকের কাছে ৪-৩ ব্যবধানে হেরে। জার্মানির সফলতম ক্লাব বায়ার্ন করোনাকালে ২০১৯-২০ মৌসুমে টানা ১১ ম্যাচ জিতে চ্যাম্পিয়ন হয়েছিল। রিয়ালের মতো সিটির রেকর্ডটাও হয়েছে দুই মৌসুম মিলিয়ে, যেটার শুরু হয়েছিল গত বছর সেমিফাইনাল থেকে রিয়ালকে বিদায় করেই। এরপর পেপ গার্দিওলার দল ফাইনালে ইন্টার মিলানকে হারিয়ে ট্রেবল জয় করেছে। দলটি এবার গ্রুপ পর্বের ৬ ম্যাচের সঙ্গে কোপেনহেগেনের সঙ্গে জিতল দুই লেগেই। কাল কোপেনহেগেনকে হারিয়ে আরেকটি কীর্তিতে বার্সেলোনার পাশে বসেছে সিটি।

এ্যাথলেটিক প্রশিক্ষণ শিবিরে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা

এম মেহেদী সানি ● গাইঘাটা
আপনজন: ক্রিকেট ফুটবলের পাশাপাশি ছাত্র-ছাত্রীদের অ্যাথলেটিক মুখী করতে ঠাকুরনগর হাইস্কুল মাঠে অনুষ্ঠিত হল 'এ্যাথলেটিক অ্যান্ড ফিজিক্যাল ট্রেনিং অ্যাকাডেমি'র বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা । রবিবার একগুচ্ছ বেলুন উড়িয়ে এর উদ্বোধন করেন জাতীয় ও আন্তর্জাতিক স্তরের বিশিষ্ট এ্যাথলেটিক ও ক্রীড়া সংগঠন এ্যাথলেটিক কোচেস এ্যাসোসিয়েশন অফ বেঙ্গল (এসিএবি)-এর কনভেনর ইসমাইল সরদার । ওই প্রশিক্ষণ শিবিরের প্রধান বাদল সহ বিশ্বাসরামকৃষ্ণ মজুমদারের তত্ত্বাবধানে এদিন ৩৮টা ইভেন্টে প্রায় ৪৫০ প্রতিযোগী ক্রীড়া প্রতিযোগিতায় অংশগ্রহণ করে । এতে বিভিন্ন স্কুল থেকে আসা ছাত্র-ছাত্রীদের উৎসাহ ছিল চোখে পড়ার মত ।

মুদ্রক, প্রকাশক ও স্বত্বাধিকারী জাইদুল হক কর্তৃক ৯৪/২ কলিন স্ট্রিট, কলকাতা-৭০০০১৬ থেকে প্রকাশিত ও সমর প্রিন্টেক, ২৯ তপসিয়া রোড সাউথ, কলকাতা-৭০০০৪৬ থেকে মুদ্রিত। **সম্পাদকীয় দফতর:** আপনজন পাবলিকেশন, ৬ কিড স্ট্রিট, কলকাতা-৭০০০১৬। সম্পাদক: জাইদুল হক।
Printed, Published and owned by Zaidul Haque, Published from 94/2 Collin Street, Kolkata-700016, Printed at Samar Printech, 29 Topsia Road South, Kolkata-700046. **Editorial Office:** 6 Kyd Street, Kolkata-700016. M: 9748892902 **Editor: Zaidul Haque**